Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

adda247 CAREER POWER
BARASAT | RISHRA | DURGAPUR | SILIGURI
Join For Sure Success in
BANK | SSC | RAIL
C.TET & WB PSC
CONTACT - 8335877777

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

ENGLISH
For : WBCS, CGL, CHSL, PSC (Main), SCHOOL SERVICE
By : Somen Muhury
বেলঘরিয়া, বারাসাত, ব্যারাকপুর, বারুইপুর
MONTHLY FEES
9123328993/9830538588

বর্ষ ৪০ সংখ্যা ১ কলকাতা বুধবার, ২৪ জুলাই ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৭ শ্রাবণ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

**বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে র‍্যালি ১৫ থেকে ২৩ সেপ্টেম্বর। ৩০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে**

**নিজস্ব প্রতিনিধি:** র‍্যালির মাধ্যমে উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে বিভিন্ন ক্যাটেগরিতে কয়েকশো সোলজার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। উত্তর ২৪ পরগনার বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে র‍্যালি আয়োজিত হবে ১৫ থেকে ২৩ সেপ্টেম্বর। শুধু ছেলেরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। বারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের রিক্রুটিং ডিরেক্টর কর্নেল এস হেমন্ত নাথ এই র‍্যালির সংবাদ জানিয়েছেন।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ৩০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্ত করার সময় প্রার্থীকে বৈধ ই-মেল অ্যাড্রেস জানাতে হবে। এই ই-মেল অ্যাড্রেসে অ্যাডমিট কার্ড পাঠানো হবে ৩ সেপ্টেম্বরের পরে। পদের ক্যাটেগরি ও জেলা অনুসারে প্রার্থীর র‍্যালির তারিখ জানিয়ে দেওয়া হবে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকেও। যে-কোনও একটি ক্যাটেগরির পদের জন্য দরখাস্ত করবেন।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এইসব জেলার ছেলেরা: উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া।

**শিক্ষাগত যোগ্যতা: সোলজার জেনারেল ডিউটি:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

*এরপর বারোর পাতায়*

## নৌবাহিনীতে ৪০০ স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

ট্রেনিং দিয়ে ৪০০ জন স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ হবে ম্যাট্রিক রিক্রুট ক্যাটেগরিতে। ট্রেনিং শুরু হবে ২০২০-এর এপ্রিল মাসে। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। শেফের ক্ষেত্রে মেনু অনুসারে আমিষ ও নিরামিষ খাবার প্রস্তুত করা ও রেশনের হিসাব রাখার কাজ করতে হবে। স্টুয়ার্ডের ক্ষেত্রে ওয়েটার ও হাউসকিপিং স্টাফ হিসেবে অফিসার্স মেসে খাদ্যদ্রব্য-পানীয় সরবরাহ করতে হবে। হিসাবপত্র রাখা, খাবারের মেনু তৈরি ও গুদামের হিসেবও রাখতে হবে। হাইজিনিস্টের ক্ষেত্রে টয়লেট পরিষ্কার-সহ সাফাইওয়ালার কাজ করতে হবে।

খেলাধুলা ও সাঁতার জানলে অগ্রাধিকার।

**জন্মতারিখ:** ১-৪-২০০০ থেকে ৩১-৩-২০০৩-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬।

ট্রেনিং শুরু হবে আই এন এস চিলিকায়। ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং। তার পর প্রফেশনাল ট্রেনিং হবে বিভিন্ন ন্যাভাল এস্টাবলিশমেন্টে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ মাসে ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। ৫০ নম্বরের পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস

*এরপর দশের পাতায়*

অগণিত পাঠকের ভালোবাসায়
**কর্মক্ষেত্র ৪০ বছরে পড়ল**
পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা সকলকে আমাদের কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে ২৬৭

ডিস্ট্রিক্ট প্রোজেক্ট ম্যানেজার, সাব-ডিভিশনাল প্রোজেক্ট ম্যানেজার, প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর এবং ব্লক লেভেল স্টাফ পদে ২৬৭ জনকে নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট। উৎকর্ষ বাংলা প্রকল্পের অধীনে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে বিভিন্ন জেলায়। রাজ্যের স্থায়ী বাসিন্দা হওয়ার পাশাপাশি সংশ্লিষ্ট জেলারও স্থায়ী বাসিন্দা হতে হবে।

শূন্যপদের বিন্যাস: **ব্লক লেভেল স্টাফ:** মোট শূন্যপদ ২০৯টি। জেলা অনুসারে শূন্যপদ: উত্তর ২৪ পরগনা ২০, দক্ষিণ ২৪ পরগনা ২৫, আলিপুরদুয়ার ৪, বাঁকুড়া ১০, বীরভূম ১৩, কোচবিহার ৫, দক্ষিণ দিনাজপুর ৬, দার্জিলিং ৮, হুগলি ১৩, হাওড়া ১৩, জলপাইগুড়ি ৫, ঝাড়গ্রাম ৬, কালিম্পং ৩, মালদা ৬, মুর্শিদাবাদ ১১, নদিয়া ১৪, পশ্চিম বর্ধমান ৪, পশ্চিম মেদিনীপুর ৯, পূর্ব মেদিনীপুর ১৩, পূর্ব বর্ধমান ১২, পুরুলিয়া ৪, উত্তর দিনাজপুর ৫। **প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর:** মোট শূন্যপদ ৪২টি। জেলা অনুসারে শূন্যপদ: উত্তর ২৪ পরগনা ২, দক্ষিণ ২৪ পরগনা ৪, আলিপুরদুয়ার ১, বাঁকুড়া ২, বীরভূম ৩, কোচবিহার ৩, দক্ষিণ দিনাজপুর ২, দার্জিলিং ৩, হুগলি ২, হাওড়া ১, জলপাইগুড়ি ১, কালিম্পং ১, কলকাতা ১, মালদা ১, মুর্শিদাবাদ ৩, নদিয়া ১, পশ্চিম বর্ধমান ১, পশ্চিম মেদিনীপুর ১, পূর্ব বর্ধমান ৩, পূর্ব মেদিনীপুর ১, পুরুলিয়া ৪, উত্তর দিনাজপুর ১। **ডিস্ট্রিক্ট প্রোজেক্ট ম্যানেজার:** মোট শূন্যপদ ৭টি। জেলা অনুসারে শূন্যপদ: দক্ষিণ ২৪ পরগনা ১, বাঁকুড়া ১, কোচবিহার ১, কালিম্পং ১, মালদা ১, মুর্শিদাবাদ ১, উত্তর দিনাজপুর ১। **সাব-ডিভিশনাল প্রোজেক্ট ম্যানেজার:** ৯টি। জেলা অনুসারে শূন্যপদ: দক্ষিণ ২৪ পরগনা ২, বাঁকুড়া ১, কোচবিহার ১, দার্জিলিং

*এরপর বারোর পাতায়*

## রাজ্যের দুই প্রকল্পে ৬ লক্ষ কাজের সুযোগ তৈরি হবে, জানালেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি:** বানতলার চর্মনগরী এবং দেউচা পাঁচানি কয়লা খনি প্রকল্পে আগামী দিনে অন্তত ৬ লক্ষ মানুষের কাজের সুযোগ তৈরি হবে বলে মনে করছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ১৮ জুলাই বানতলা চর্মনগরীতে একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, শিগগিরই বানতলা চর্মনগরীতে ৮০ হাজার কোটি টাকার বেশি লগ্নি হবে। গড়ে উঠবে অনুসারী শিল্পও। এর ফলে বানতলা চর্মনগরীতে প্রায় ৫ লক্ষ মানুষের কাজের ব্যবস্থা হবে।

উল্লেখ্য, বানতলার চর্মনগরীতে কানপুর, চেন্নাই-সহ দেশের বিভিন্ন জায়গা থেকে নতুন লগ্নির আভাস আগেই দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। এদিন সংশ্লিষ্ট সংস্থাগুলিকে জমি বণ্টন, দূষণ নিয়ন্ত্রণ পরিকাঠামো নির্মাণ এবং আরও কিছু শিলান্যাস অনুষ্ঠানে।

মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী আরও জানান, কেন্দ্রের কাছ থেকে দেউচা পাঁচানি খনি প্রকল্পের ছাড়পত্র পেয়ে গিয়েছে রাজ্য। প্রকল্পের কাজ শুরু হলে এই প্রকল্পেও ১ লক্ষ কাজের সুযোগ তৈরি হবে।

## ভাতিন্ডা এইমসে ১৯৮

নার্সিং অফিসার (গ্রেড-টু), হসপিটাল অ্যাটেন্ড্যান্ট (গ্রেড-থ্রি) এবং ল্যাব অ্যাটেন্ড্যান্ট (গ্রেড-টু) পদে ১৯৮ জনকে নেবে ভাতিন্ডার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ হবে গ্রুপ 'বি' ও 'সি' পদে। প্রার্থী বাছাই করবে পোস্টগ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGI/RC/009/2019/3011.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড NUR/001: নার্সিং অফিসার গ্রেড-টু: ১৫০টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০, আর্থিকভাবে অনগ্রসর ১৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিলে 'এ' গ্রেড নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ৭ অনুসারে।

পোস্ট কোড HAG-III/126: হসপিটাল অ্যাটেন্ড্যান্ট (নার্সিং আর্দালি) গ্রেড-থ্রি: ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)।

*এরপর দশের পাতায়*

সরকারি ও নিজস্ব হাসপাতালে ২৪০০ ছেলেমেয়ের নার্সিং, ফার্মাসি কোর্সে ট্রেনিং দিয়ে চাকরি
GNM, B.Sc. নার্সিং, ANM নার্সিং
Recognised by Govt. INC-PCI Various State Govt. Council, UGC Approved University

নিজস্ব প্রতিনিধি ঃ পঃ বঃ সরকার, কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে তথা বেসরকারি স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে "ন্যাশানাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স" ও "অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন" এর যৌথ উদ্যোগে ২৪০০ ছেলে ও মেয়েকে কাউন্সিলিং এর মাধ্যমে GNM, B.Sc. নার্সিং, D.Pharmacy কোর্সে সরাসরি ভর্তি শুরু হয়েছে।
পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ GNM কোর্সে আবেদনকারী আশানুরূপ র‍্যাঙ্কিং এ ব্যার্থ ছাত্রছাত্রীরা শীঘ্র যোগাযোগ করুন।
যোগ্যতা ঃ ন্যূনতম উচ্চমাধ্যমিকে 40% মার্কসসহ যেকোনো শাখায় পাশ ছেলে ও মেয়েরা GNM এবং সায়েন্স শাখায় ন্যূনতম 45% মার্কস সহ পাশ ছেলে ও মেয়েরা B.Sc নার্সিং ও ফার্মাসি কোর্সে আবেদনযোগ্য।
বিশেষত্ব ঃ
- 100% Job এবং Education Loan.
- সার্টিফিকেট পশ্চিমবঙ্গ সরকার সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারি মান্যতাপ্রাপ্ত।
- নিজস্ব কলেজ ও সরকারি ও নিজস্ব হাসপাতালে প্র্যাক্টিক্যালের ব্যবস্থা।
ন্যাশানাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001:2015 Certified)
কলকাতা (মেডিভিউ চিকিৎসালয়ের কাছে) ঃ 033-46028297, 9836442992, 8145960410, বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) ঃ 8972046553, বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) ঃ 7450978001, বর্ধমান (হসপিটাল/G.T.রোড) ঃ 7319013461, শিলিগুড়ি (প্যাটেল রোড/হেরিটেজ মোড়, NJB জংশনের কাছে) ঃ 8167033305
For Seminar & Admission
মালদহ ঃ 8116939353, কোচবিহার ঃ 8167033305
Visit our website : www.ninps.org

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
H.S. Pass মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে
আমাদের প্রতিষ্ঠান থেকে যে সকল ছাত্রী Govt. Hospital এ কর্মরত তাদের কিছু ছবি দেওয়া হল।

Anowara Khatun, UNDER CMOH, MURSHIDABAD; Sangita Saha, BELDANGA BPHC, BELDANGA-1, MURSHIDABAD; Nafisa Parveen, AHIRAN BPHC, SUTI-1, MURSHIDABAD; Jayashree Shit, KANDI SUB-DIVISION HOSPITAL MURSHIDABAD; Kanchana Shit, KANDI SUB-DIVISION HOSPITAL MURSHIDABAD; Sumitra Shit, MURSHIDABAD MEDICAL COLLEGE & HOSPITAL BERHAMPUR; Priyanka Bhunia, GHATAL SUB-DIVISION HOSPITAL POSCHIM MEDINIPUE; Hema Kirtannia, UNDER CMOH, MURSHIDABAD; Soumi Chandra, LALBAGH SUB-DIVISION HOSPITAL MURSHIDABAD; Bama Nandi, KPC Medical College; Bulti Saha, KPC Medical College; Somasree Bhunia, KPC Medical College; Jhumpa Malik, KPC Medical College
BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.:7890022334 / 9474753825

GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ১ □ ২৪ জুলাই ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI/UCO/HDFC/ICICI MNC Co.**-তে সরাসরি অফিসিয়াল/ স্থায়ীপদে (Day Shift) (10 am-6 pm) 357 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,578/- – 34,750/- (PF + ESI + INC). W2C, Kol-54. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837 ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779 গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake. Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### SBI Banking, Jio 4G ও Online Shoping বাংলা কাস্টমার কেয়ারে

**মাধ্যমিক-গ্র্যাজুয়েট (18-35) অভিজ্ঞ/** অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292 M: 74070-36062

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি সপ্তায় 6 দিন

**গভঃ স্বীকৃত Airport ও Pvt. ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। S. R. C. Pvt. Ltd, G. Place, Kol-1, (M): 81168-54264.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৭ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
৭ অগস্ট কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন** নামী Pharma কোম্পানিতে; CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

### BSNL/VODA/JIO

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

### স্টার হোটেলে 6-17,500/-

**রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ** স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট লিখিত গ্যারান্টি-সহ ৬ দিনের মধ্যে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও BANK-এ M/F চাই

**বিভিন্ন অফিসিয়াল পদে অভিজ্ঞ ও** অনভিজ্ঞ কর্মপ্রার্থী যোগাযোগ করতে পারেন, বেতন শুরু: ১৭,০০০/- থেকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে নিয়োগ ও বেতন বৃদ্ধি শীঘ্রই যোগাযোগ করুন। বায়োডাটা-সহ শিক্ষাগত যোগ্যতার কাগজপত্র নিয়ে। R. P. L. C, ডানলপ, কোল-01, (M): 87685-69064.

□

### এয়ারপোর্ট ও ব্যাঙ্কে সরাসরি স্ট্যাম্প পেপার লিখিত-সহ নিয়োগ

**নিজ যোগ্যতায় কন্ট্রাক্টরের অধীনে** এয়ারপোর্ট ও ব্যাঙ্কে ব্যাক অফিস ও গ্রাহক স্টাফ পদে নিয়োগ চলছে। শীঘ্রই যোগাযোগ, পুজোর বোনাস-সহ OT, PF, ESI-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। বায়োডাটা ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র-সহ যোগাযোগ করুন। (M): 87685-72367, Ronok Pvt. Ltd. Co., B. T. Rd, Kol-56.

□

### সরাসরি জয়েনিং ৭ দিনে, Pvt, BANK ও এয়ারপোর্টে

**(৮ম-স্নাতক) M/F নিয়োগ চলছে।** লাইসেন্স নং- X28059E শূন্যপদ: ১৯৬, বেতন: 16,700/- – 38,200/- Pvt. Bank-এ প্রতিটি জেলায় ও Airport এবং METRO-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ইনচার্জ, SV, চেকিংবয়, ট্রলিবয়, হাউসকিপিং। ESI, PF ও খাওয়া থাকা ফ্রি। Dum Dum, Kol-52. (M): 96797-76168 (N. C.)

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, 90513-76362/ 74509-64662.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

## কর্মখালি

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### হোটেলে স্থায়ী চাকরি

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

**SBI Banking/ Naptol/Jio কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91, M: 90880-93059 / 91443-50092.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট- ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**Govt. R/L No.: 2807, কোনও** ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-), OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

### Airport মেট্রোরেল ও Bank (DSA) সংস্থায় স্থায়ী চাকরি Govt. Reg. L. No. 1864

**উঃ বঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার** কর্মপ্রার্থীদের কোনওরকম ডোনেশন ছাড়াই সরাসরি নিজের যোগ্যতার ওপর নির্ভর করে স্থায়ী পদে নিয়োগ করা হচ্ছে। বেতন: (9,500/- – -32,800/-), OT PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়ার বিশেষ ব্যবস্থা। A. C., F. Rd, Kol-56. M: 74789-47381.

□

### Airport, মেট্রোরেল ও প্রাইভেট Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং Govt. Regd. L/No. 31445

**সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ** পশ্চিমবঙ্গের বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে সরাসরি কোম্পানির পে-রোলে স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 10,500/- – 52,400/-, OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন। পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। A. C. Feeder Road, Kol-56. M: 74792-85933.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## কর্মখালি

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M: 96148-26939

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

### জাহাজে সরাসরি নিয়োগ SEA KING SHIPPING কলিকাতা-69

**গভঃ রেজিঃ শূন্যপদ 188, Short** Joining. যোগ্যতার ওপর নির্ভর করে জাহাজ ও বন্দরে স্থায়ী নিয়োগ। বেতন: (17,880/- – 38,260/-) পদ ইঞ্জিন কেডিট, ডক কেডিট, সী ম্যান, ট্রেড ম্যান। বিস্তারিত জানুন। Santanu Saha: 83276-53688.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### B. OPTM & BMLT কোর্স

**ইউনিভার্সিটি স্বীকৃত অপ্টোমেট্রি (B.** Optm), প্যাথলজি (BMLT, DMLT) কোর্সে ভর্তি চলছে। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যেল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84, 70447-16334 / 98742-30442.

□

### ITI-এ সরাসরি ভর্তি

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/ 98300-48759.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### ডায়েটিশিয়ান কোর্স (Science Group)

**1 Yr. কোর্স করে Internship করার** সুযোগ 100% Placement Asst. App. by NCVT, BSS & (Govt. of India), Installment-এর সুবিধা আছে। Global Technical Institute (বেলেঘাটা) M: 75969-71701 / 92315-51285.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

### ভারত সরকার স্বীকৃত হোটেল/ হসপিটালিটি এয়ারলাইন্স ম্যানেজমেন্ট কলেজ

**পুরো ভারতবর্ষের মধ্যে স্বল্প খরচায়** কোর্স করে ১০০ ভাগ চাকরির লিখিত গ্যারান্টি, প্রত্যেক কোর্স সরকারি বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত। (ডিগ্রি ডিপ্লোমা সার্টিফিকেট কোর্স) Salt Lake, Kolkata-91. www.ipshm.com 18001214191.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**সরকার অনুমোদিত এক বৎসরের Speech** Therapy কোর্স-এ ভর্তি চলিতেছে। যোগাযোগ: ইনস্টিটিউট ফর নেচার কেয়ার এন্ড ডেভলপমেন্ট, ৬৩/৪ প্রতাপাদিত্য রোড, কোলকাতা-২৬। মোঃ 98316-73890; 98308-52376.

## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# লঙ্কা, হলুদ গুঁড়ো করার মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** মশলা গুঁড়ো করার এই মেশিনটির নাম মিনি পালভারাইজার মেশিন। এই মেশিনের সাহায্যে অল্প সময়ে বেশি পরিমাণ লঙ্কা, হলুদ প্রভৃতি গুঁড়ো করে ছোট ছোট প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। অথবা হোটেল-রেস্তোরাঁয় অর্ডার অনুযায়ী গুঁড়ো মশলা সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে গোটা হলুদ বা লঙ্কা কিনে এনে তা পরিমাণমতো মেশিনের হপারে দিয়ে দিন। এবার মোটর চালু করলেই মেশিনের ভেতরের ব্লেড ঘুরতে থাকবে। এর ফলে লঙ্কা পাউডারের মতো গুঁড়ো হয়ে যাবে। হলুদের ক্ষেত্রে প্রথমে মেশিনে মোটা জালি অ্যাটাচ করে হলুদকে আধভাঙা করে নিতে হবে। এবার সেই আধ-ভাঙা হলুদকে আবার মেশিনের হপারে দিয়ে মিহি জালি অ্যাটাচ করতে হবে। এবার মেশিন চালু করলেই হলুদ পাউডারের মতো গুঁড়ো হয়ে যাবে। এবার এই মিহি গুঁড়ো মশলা সাকশন পদ্ধতিতে মেশিনের ওপরে লাগানো ক্যাম্বিসের থলিতে জমা হবে। উৎপাদনক্ষমতা অনুযায়ী এই মেশিনটি দু-রকমের হয়। ছোট মেশিনটিতে ঘণ্টায় ১৫ থেকে ১৮ কেজি গুঁড়ো মশলা পাওয়া সম্ভব। বড় মেশিনটিতে ঘণ্টায় ৪৫ থেকে ৫৫ কেজি গুঁড়ো মশলা পাওয়া সম্ভব। ছোট মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট। বড় মেশিনটি চালাতে মোটর লাগবে ৫ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ১৫ থেকে ১৮ কেজি গুঁড়ো মশলা উৎপাদনক্ষম মেশিনের দাম ৬৫,০০০ টাকা। ৪৫ থেকে ৫৫ কেজি গুঁড়ো মশলা উৎপাদনক্ষম মেশিনের দাম ১,১০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

জ্ঞানকোষ একাডেমি
ISO 9001:2015 Certified Org. Head Office: Dumdum, Kol-74 Website : www.gyankoshacademy.com
যোগাযোগ- দমদম- 7980879741, চণ্ডিপুর- 9732794580
GNM নার্সিং করার শেষ সুযোগ
B.Sc. নার্সিং করুন অল্প খরচে
JENPAUH ছাড়া পাশের রাজ্য থেকে। (সম্পূর্ণ বাঙালী খাবার)
কলকাতায় ক্লাস ও Practical এর ব্যবস্থা
A.C. ক্লাস রুম। D.Pharm, Pharm.D
Doctor এবং সিনিয়ার নার্সিং Sister দ্বারা ক্লাস হয়।
B.Tech -Semi Govt. কলেজ থেকে পড়ার সুযোগ।
MBA, Hotel & Hospitality Management বিদ্যাসাগর ও রায়গঞ্জ।
ইউনিভার্সিটি থেকে পড়ার সুযোগ 100% নিশ্চিৎ চাকরী
ভগবানপুর ও বাজকুল- 9083619610 বাগনান, মেছেদা-8240306347
আরামবাগ(VICE)-9733590675 জয়পুর-8348409090
সাঁতরাগাছি ও লালগড়-7980721031 দুর্গাপুর-9475124588
কোতুলপুর-7001598168 বর্ধমান-9474054537
বসিরহাট, বারাসাত-6294513257 পুরুলিয়া-9007198208



নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
www.eNirobAalo.tk
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কতটা ফসল ঘরে তুললে তা দিয়ে প্রতিটা দিনের বিচার কোরো না। বরং কতটা বীজ বপন করলে তা দিয়েই একটা দিন বিচার্য।*
*— রবার্ট লুইস স্টিভেনশন*
*(স্কটিশ সাহিত্যিক)*

***✓ জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ৩ বছরের কোর্স পাশ করার পরে প্রায় দেড় বছর যাবৎ একটি বেসরকারি নার্সিং হোমে চাকরি করছি। সরকারি চাকরি সম্পর্কে তথ্য পেতে চাই।***

*স্নিগ্ধা কোলে, দুর্গাপুর, টাউনশিপ, বর্ধমান।*

☐ নার্সিংয়ের চাকরির বাজার খুবই ভালো এখন। প্রকৃতপক্ষে চাহিদার তুলনায় পেশাদারদের জোগান কম। প্রচুর চাকরি আছে সরকারি ক্ষেত্রেও।

***এখনই আবেদন করতে পারেন:*** ৩৮৫৬জন জি এন এম ডিপ্লোমাধারী নার্স নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর। মহিলা প্রার্থীদের জন্য শূন্যপদ ৩৬৫২টি। বাকি শূন্যপদগুলিতে পুরুষ প্রার্থীরা আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১৭ জুলাই সংখ্যায় 'রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৮১৫৯ স্টাফ নার্স' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। প্রচুর শূন্যপদ রয়েছে বি এসসি নার্সিং এবং পোস্ট বি এসসি নার্সিং প্রার্থীদের জন্যও। আপনি এখনই আবেদন করতে পারেন। ২৯ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

৩৮৫৬জন জি এন এম ডিপ্লোমাধারী নার্স নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর। মহিলা প্রার্থীদের জন্য শূন্যপদ ৩৬৫২টি। বাকি শূন্যপদগুলিতে পুরুষ প্রার্থীরা আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১৭ জুলাই সংখ্যায় 'রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৮১৫৯ স্টাফ নার্স' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। প্রচুর শূন্যপদ রয়েছে বি এসসি নার্সিং এবং পোস্ট বি এসসি নার্সিং প্রার্থীদের জন্যও।

২৩৪জন নার্সিং সিস্টার (ট্রেনি) নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া। অন্তত ১৪৩ সেমি উচ্চতা থাকলে এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৭ জুলাই সংখ্যায় 'রাউরকেল্লার ইস্পাত হাসপাতালে ৩৩৯' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২০ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

২৩১জন নার্সিং অফিসার নেবে শিলংয়ের নর্থ ইস্টার্ন ইন্দিরা গান্ধী রিজিওনাল ইনস্টিটিউট অব হেলথ অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস। আপনি আবেদন করতে পারেন। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.neigrihms.gov.in নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৯ অগস্টের মধ্যে নির্দিষ্ট ঠিকানায় পৌঁছতে হবে।

***পরে আবেদন করতে পারবেন:*** এইমস-সহ কেন্দ্রীয় এবং রাজ্য সরকারগুলির বিভিন্ন হাসপাতাল, সরকারি বিভিন্ন সংস্থার হাসপাতালগুলিতে চাকরির সুযোগ আছে। এইসব সংস্থায় নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓ আমার উচ্চতা ১৬৬ সেমি। বি কমের প্রথম বর্ষে ভর্তি হয়েছি এ বছর। আমি কি সেনাবাহিনীর কোনও পদে চাকরির আবেদন করতে পারব?***

*সুকল্যাণ সাহা, গৌড়, মালদা।*

☐ আপনি সেনাবাহিনীর সোলজার-ক্লার্ক/স্টোরকিপার এবং অফিসার পদে আবেদন করতে পারবেন। এই পদগুলির পরীক্ষায় সফল হওয়ার জন্য একটু সময় নিয়ে প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে। দৃঢ় মনোভাব থাকলে কিন্তু চাকরি আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** উত্তরবঙ্গে ৮ জেলা থেকে সেনাবাহিনীতে র‍্যালির মাধ্যমে কয়েকশো সোলজার নেওয়া হবে। মালদহর প্রার্থী হিসেবে আপনি এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। উচ্চতার নিরিখে আপনি শুধুমাত্র সোলজার ক্লার্ক/স্টোরকিপার পদে আবেদন করতে পারবেন। বুকের ছাতির মাপ হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। শিলিগুড়ির বৈকুণ্ঠপুর আর্মি গ্রাউন্ডে র‍্যালি ৫ থেকে ১২ সেপ্টেম্বর। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'সেনাবাহিনীতে কয়েকশো সোলজার' শীর্ষক সংবাদে এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষার মাধ্যমে বাছাই প্রার্থীদের প্রশিক্ষণ দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার নিয়োগ করা হয়। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। বিবেচিত হবেন আর্মির চাকরির জন্য।

প্রসঙ্গত, গ্র্যাজুয়েশনের পড়াশোনা শেষ করে কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষার মাধ্যমেও তিন বাহিনীতে অফিসার ক্যাডারে চাকরি হয়। এক্ষেত্রেও আপনি আর্মি অফিসার পদের জন্য বিবেচিত হবেন। উভয় পরীক্ষারই বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓ ইতিহাসে এম এ করেছি। বর্তমানে কম্পিউটার অ্যাপ্লিকেশনের একটা সার্টিফিকেট কোর্স করছি। সঙ্গে সরকারি চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করছি। কোনও কোচিং নিচ্ছি না। নিজে পড়াশোনা করে চাকরির পরীক্ষায় সফল হওয়া সম্ভব তো? কী ধরনের চাকরির পরীক্ষার জন্য আমার প্রস্তুতি নেওয়া উচিত। ব্যাঙ্কের চাকরিতে আগ্রহ নেই। ডব্লু বি সি এস পরীক্ষার জন্য নিজে নিজে প্রস্তুতি নেওয়া যাবে?***

*প্রেরণা ঘোষ, সোদপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। আপনি জানিয়েছেন, ব্যাঙ্কের চাকরিতে আপনার আগ্রহ নেই। এইভাবেই বিভিন্ন চাকরির প্রকৃতি বুঝে আপনার পছন্দের চাকরিটি বাছাই করে নিতে হবে। আবার চাকরির পরীক্ষার সিলেবাস বিচার-বিশ্লেষণ করে আপনাকে বুঝে নিতে হবে কোন চাকরির পরীক্ষায় আপনার সফল হওয়ার সম্ভাবনা বেশি। এই দুটি দিকে লক্ষ্য রেখে আগেভাগে চাকরি বাছাই করে নিতে পারলে প্রস্তুতি নিতে সুবিধে হবে।

কোচিংয়ের সাহায্য না নিয়ে চাকরির পরীক্ষায় সফল হওয়া অবশ্যই সম্ভব। কোচিংয়ের দ্বারস্থ না হয়েও ডব্লু বি সি এস-সহ বিভিন্ন চাকরির পরীক্ষায় সফল হয়েছেন এরকম উদাহরণ প্রচুর। নিজের মতো যথার্থ পরিকল্পনা তৈরি করে পড়াশোনা করুন। পরিশ্রম করে আন্তরিক প্রচেষ্টা চালালে অবশ্যই সফল হবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র এক্সিকিউটিভ (অ্যাডমিনিস্ট্রেশন) নেবে খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন। যে-কোনও শাখার স্নাতকোত্তর ডিগ্রিধারীরা এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'খাদি ও গ্রামোদ্যোগে ১১০' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৩১ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvic.org.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি এস ই ডি সি এল-এর অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

## পেশাদারি পড়াশোনায় বা হাতে-কলমের কাজে সূক্ষ্মতা অর্জনের দিকে নজর দিন



**রঞ্জিত চৌধুরী**
প্রাক্তন অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন (কলকাতা)

পড়াশোনাই হোক বা কোনও কাজ, বিষয়ের গোড়ার কথাগুলো জানা থাকতেই হবে। না হলে ভিতটা মজবুত হয়ে উঠবে না। বিষয়ের মধ্যেকার কার্য-কারণ সম্পর্কগুলো বুঝতে হবে। তারপর সেই বিষয়টির গভীরে ঢুকতে হবে ক্রমে। এই প্রক্রিয়াটাকে একেবারে অভ্যাসে পরিণত করে ফেলতে হবে। মনে রাখা দরকার, সাধারণ যোগ-বিয়োগ-গুণ-ভাগে দুর্বলতা থাকলে কখনওই একটি জটিল অঙ্কের সমাধান সম্ভব নয়। ফলে যে যে-বিষয় নিয়ে পড়াশোনা করছেন বা হাতেকলমে কাজ শিখছেন, তার একেবারে শুরু থেকেই বিষয় বা কাজটাকে আঁকড়ে ধরতে হবে। একবার বিষয়টার ওপর দখল তৈরি হলে আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন, আরও জানার আগ্রহ প্রবল হয়ে উঠবে, পরিশ্রমে ভীতি থাকবে না। যে-কোনও ক্ষেত্রেই ভালো কাজের জন্য এই গুণগুলোর দরকার হয়। সে দিক থেকে একজন শিক্ষার্থীর পরবর্তী জীবনের জন্য প্রস্তুত হয়ে ওঠার প্রক্রিয়াটি দীর্ঘমেয়াদি। রাতারাতি এটা হওয়ার নয়।

শিক্ষাগ্রহণের সময়টা কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভালো করে শিখে নেওয়ার কোনও বিকল্প নেই। সূক্ষ্মতাগুলো জানা থাকলে সাফল্যের পথগুলো খুলে যায়।

ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে (কলকাতা) হসপিটাল ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বি এসসি কোর্সের পাশাপাশি মাধ্যমিক যোগ্যতায় ফুড প্রোডাকশন ও প্যাটিসারির মতো কোর্স পড়ানো হয়। লক্ষ করেছি, কাজ যাঁরা খুব আগ্রহ নিয়ে শিখেছে, তাঁরা পরবর্তীকালে উন্নতি করেছে তাড়াতাড়ি। ডোমিনোসের মতো ফুড চেন সংস্থা, নামী তারকা হোটেলে চাকরি করছেন অনেকেই। সামনে রয়েছে আরও পথ। অভিজ্ঞরা শেফের পদেও যেতে পারেন। স্ফুরণটা কিন্তু ঘটেছিল ওই শিক্ষাগ্রহণের সময়েই।

শেখার সুযোগ কখনওই হেলায় হারাবেন না। উপর উপর শেখা নয়। একটু গভীরে গিয়ে শেখার চেষ্টা করবেন। সূক্ষ্মতা অর্জনের দিকে নজর দেবেন।

যে-বিষয় নিয়ে পড়াশোনা করছেন বা হাতেকলমে কাজ শিখছেন, তার একেবারে শুরু থেকেই বিষয় বা কাজটাকে আঁকড়ে ধরতে হবে। একবার বিষয়টার ওপর দখল তৈরি হলে আপনি অনেক কিছুই করতে পারবেন।

***✓ উচ্চমাধ্যমিক পাশ। ইংরেজি টাইপিং জানি। চাকরির খবর দেবেন।***

*ভাস্কর দত্ত, বৈদ্যবাটি, হুগলি।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিং জানা বাধ্যতামূলক, এরকম চাকরিগুলির জন্য আপনার সুবিধাই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৩৫জন লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে নবোদয় বিদ্যালয় সমিতি। এটি কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'নবোদয় বিদ্যালয়ে ২৩৬৪ শিক্ষক-শিক্ষিকা, ক্লার্ক, নার্স' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৯ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.navodaya.gov.in

১৩৫জন লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে নবোদয় বিদ্যালয় সমিতি। এটি কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে।

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইম কিপার এবং ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এ রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয়, বিভিন্ন আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। এ ছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর এবং কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে স্টেনোগ্রাফার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাইয়ের পদ্ধতি কী? —স্বপন মিত্র, থানাপাড়া, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ইংরেজিতে মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড এবং মিনিটে ৩৫টি শব্দের গতিতে কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই বাংলা পড়তে, লিখতে ও বলতে জানা চাই। প্রার্থী বাছাই করা হবে তিনটি পর্যায়ে— অনলাইন পরীক্ষা, কম্পিউটার টাইপিং ও শর্টহ্যান্ড টেস্ট। লিখিত পরীক্ষায় জেনারেল ইংলিশ বিষয়ে প্রশ্ন হবে। ১০০ নম্বরের অনলাইন পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে ৪০০ নম্বরের ডিক্টেশন অ্যান্ড

## পি এস সি

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবনাথ ঘোষ, ব্যান্ডেল, হুগলি।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় জেনারেল স্টাডিজ (১৫০ নম্বর) ও অঙ্ক (৫০ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। সময়সীমা দেড় ঘণ্টা। মনে রাখবেন, এই পরীক্ষায় প্রাপ্ত নম্বর মেধাতালিকা প্রস্তুতের ক্ষেত্রে গ্রাহ্য হয় না। প্রিলিমিনারি পরীক্ষায় সফলরা ফাইনাল পরীক্ষায় ডাক পান। এই পরীক্ষায় তিনটি পত্র থাকে। প্রথম পত্রে থাকে ইংরেজি, দ্বিতীয় পত্রে বাংলা বা মাতৃভাষা (হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি) এবং তৃতীয় পত্রে জেনারেল স্টাডিজ ও অঙ্ক। প্রতিটি পত্রের জন্য বরাদ্দ মোট নম্বর ১৫০। প্রথম ও দ্বিতীয় পত্রের ক্ষেত্রে সময়সীমা দেড় ঘণ্টা করে এবং তৃতীয় পত্রের ক্ষেত্রে সময়সীমা আড়াই ঘণ্টা। প্রশ্ন হয় ডেসক্রিপ্টিভ ধরনের। জেনারেল স্টাডিজ ও অঙ্কের প্রশ্ন হয় মাধ্যমিক স্তরের এবং ইংরেজি ও বাংলায় প্রশ্ন হয় উচ্চমাধ্যমিক স্তরের। সবশেষে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pscwb.gov.in

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস' পরীক্ষার জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —অরিন্দম মিত্র, দাসপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস'-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি থাকা বাধ্যতামূলক। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ', 'বি' পাশ করে থাকতে হবে। অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি/সেকশন 'এ', 'বি') পাশ করে থাকলেও আবেদন করা যাবে। প্রার্থী বাছাই করা হয়ে থাকে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হয় দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় পর্যায়ে পার্সোন্যালিটি টেস্ট হয় ২০০ নম্বরের। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## উচ্চশিক্ষা

□ *কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশনের মাধ্যমে এম টেক (বায়োটেকনোলজি) পড়তে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —আঁখি মুখার্জি, পূর্ব বর্ধমান।*

□□ কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশনের মাধ্যমে এম টেক (বায়োটেকনোলজি) কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি বা লেদার টেকনোলজি বা কেমিস্ট্রি বা বায়োটেক-নোলজি অথবা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি বা ফার্মাসির ব্যাচেলর্স ডিগ্রি। বায়োটেক-নোলজি, লাইফ সায়েন্স, বটানি, জুলজি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, জেনেটিক্স, বায়োফিজিক্স, মাইক্রোবায়াল জেনেটিক্স ও বায়োইনফমেটিক্সের এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ইলেক্ট্রোকেমিস্ট্রি বা বায়োইঞ্জিনিয়ারিং বা ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বা ফুড টেকনোলজির বি টেক বা বি ই ডিগ্রি বা এগ্রিকালচারাল বায়োটেক-নোলজির বি টেক ডিগ্রি অথবা কেমিস্ট্রি বা ফিজিক্সের এম এসসি ডিগ্রিধারীরা আন্না বিশ্ববিদ্যালয়ে এম টেক বায়োটেকনোলজি পড়তে পারেন। মেরিন বায়োটেকনোলজি বা মেরিন বায়োলজি বা অ্যাকোয়াটিক বায়োলজি অ্যান্ড ফিশারিজ বা এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজির এম এসসি ডিগ্রিধারীরা কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে এম টেক পড়তে পারেন। সবক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

□ *সি-ম্যাট পরীক্ষার প্রস্তুতি নিতে চাই। এই পরীক্ষা সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অভিজিৎ বসু, হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য প্রতি বছর 'কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট' বা সি-ম্যাট আয়োজিত হয়ে থাকে। এটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই) অনুমোদিত বি-স্কুলগুলিতে বিজনেস ম্যানেজমেন্ট ও অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা। পরীক্ষার আয়োজক এ আই সি টি ই। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে ভর্তির আগে রেজাল্ট প্রকাশিত হয়ে যেতে হবে। অনলাইন ১০০, প্রশ্ন হবে ২৫টি করে। পরীক্ষার ফি ১,৪০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। অফলাইন বা অনলাইন, উভয় পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.aicte-cmat.in

## ব্যাঙ্ক

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —মৌ দত্ত, পূর্ব মেদিনীপুর।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি ও মেন, দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের মোট ১০০ নম্বরের প্রশ্ন। মোট এক ঘণ্টার পরীক্ষা। মেন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের মোট ২০০ নম্বরের প্রশ্ন। সময়সীমা ৩ ঘণ্টা। এ ছাড়া ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং, এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের প্রশ্নও থাকবে। মোট ৫০ নম্বর। সময়সীমা ৩০ মিনিট। সবশেষে হবে ২০ নম্বরের গ্রুপ ডিসকাশন ও ৩০ নম্বরের ইন্টারভিউ। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sbi.co.in

## নার্সিং

□ *রাজ্য স্বাস্থ্য দপ্তরে স্টাফ নার্স পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সত্যজিৎ খাঁড়া, কামারচণ্ডি, হুগলি।*

□□ রাজ্য স্বাস্থ্য দপ্তরে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত নার্সিং ট্রেনিং স্কুল বা কলেজ অব নার্সিং থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা বেসিক বি এসসি (নার্সিং) বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা অথবা নেপালি ভাষায় কথা বলতে ও লিখতে জানতে হবে। ২৯ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

## কোর্স, ট্রেনিং

□ *ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল* ম্যানেজমেন্ট অ্যান্ড কেটারিং টেকনোলজিতে হসপিট্যালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ৩ বছরের বি এসসি ডিগ্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকে নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যান্ড লজিক্যাল ডিডাকশন, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর বিষয়ক প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.nchm.nic.in

□ *ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজে রেপোগ্রাফির সার্টিফিকেট কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —জয় হালদার, সাগরপাড়া, মুর্শিদাবাদ।*

□□ রেপ্রোগ্রাফি বিষয়ে স্বল্প মেয়াদের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। কোর্স চলবে ২ সেপ্টেম্বর থেকে ১১ অক্টোবর পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। কোর্স ফি ৩০০ টাকা। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in ফি বাবদ ১০০ টাকার ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ব্যাঙ্ক ড্রাফট। এটি 'Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। ২৬ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

## অন্যান্য চাকরি

□ *নবোদয় বিদ্যালয় সমিতিতে কম্পিউটার সায়েন্স বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —রোহিত কানুনগো, গড় রায়পুর, বাঁকুড়া।*

□□ নবোদয় বিদ্যালয় সমিতিতে কম্পিউটার সায়েন্স বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি বা এম সি এ। অথবা কম্পিউটার সায়েন্সে বি এসসি অথবা ডোয়েক 'সি' লেভেল উত্তীর্ণ। বি এড ডিগ্রি থাকলে অগ্রাধিকার। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে ৫ থেকে ১০ সেপ্টেম্বরের মধ্যে। পরীক্ষায় থাকবে রিজনিং এবিলিটি (১০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), টিচিং অ্যাপ্টিটিউড (১৫ নম্বর), বিষয়ভিত্তিক প্রশ্ন (১০০ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৪৫ নম্বর)। মোট সময় ৩ ঘণ্টা। ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্টে প্রার্থী পাশ করতে না পারলে পেপারের বাকি অংশ দেখা হবে না। ৯ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.navodaya.gov.in, www.nvsrecruitment2019.org

□ *ভাবা অ্যাটমিক সেন্টারে স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরিতে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —জীবন নাথ, হাতিয়া, বীরভূম।*

□□ ভাবা অ্যাটমিক সেন্টারে স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরিতে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক পড়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ২ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। উপরোক্ত ট্রেডে ১ বছর মেয়াদের ট্রেড কোর্স পাশ হলেও আবেদন করা যাবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি টেস্টে প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। দ্বিতীয় পর্যায়ে অ্যাডভান্সড টেস্টে প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেড থেকে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন ওয়েবসাইট: https://recruit.barc.gov.in

□ *এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেবাশিস সরকার, বাঘাযতীন, কলকাতা।*

□□ এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত ল কলেজ থেকে আইনে ৩ বছরের স্নাতক কোর্স পাশ। ৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স করে থাকলেও আবেদন করা যাবে। প্রার্থীকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মনে রাখবেন, যাঁরা এখনও পর্যন্ত অ্যাডভোকেট হিসেবে প্র্যাক্টিস শুরু করেননি বা কোনও অন্য কাজের সঙ্গে যুক্ত নন, তাঁরাই কেবলমাত্র আবেদন করবেন। প্রার্থীর অবশ্যই ডেটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং, কম্পিউটার অপারেশনের মতো জ্ঞান থাকতে হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরা, যাঁরা 'Registrar General, High Court of Judicature'-এর অনুকূলে এলাহাবাদে প্রদেয় হতে হবে। ৮ অগস্টের মধ্যে স্পিড পোস্ট বা এ ডি-সহ রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়রে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar General, High Court of Judicature at Allahabad.

□ *হাওড়া পুলিশ কমিশনারেটে ড্রাইভার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মনোজ বর্ধন, মালদা।*

□□ হাওড়া পুলিশ কমিশনারেটে ড্রাইভার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। প্রার্থীকে অবশ্যই বাংলায় পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান সংগ্রহ করুন এই ঠিকানা থেকে: এম টি সেকশন, শিবপুর পুলিশ লাইনস, ৪৩৮, জি টি রোড, হাওড়া-৭১১১০২। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৮ জুলাই।

নাম : ..................................

ঠিকানা : ..................................

..................................

..................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মমুখী শিক্ষা

## পশ্চিমবঙ্গ সরকার অধীনস্ত মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি স্বীকৃত হসপিটাল, হোটেল, ট্যুরিজম, মিডিয়া সাইন্সের ব্যাচেলার ডিগ্রি, মাস্টার ডিগ্রি কোর্সের শেষে প্রচুর চাকরির সুযোগ।



উচ্চমাধ্যমিক বা স্নাতকের পর কি নিয়ে পড়লে বা কোথায় পড়লে উজ্জ্বল ভবিষ্যত গড়া যায় তা নিয়ে চিন্তার শেষ থাকে না বহু ছাত্রছাত্রীর। এর প্রধান কারণ দিন দিন বেড়ে চলা বেকারত্বের সংখ্যা। আমার মনে হয় সঠিক পথ দেখাতে পারলে আজকের ছাত্রছাত্রীরা নিজেদের অনায়াসেই প্রতিষ্ঠিত করতে পারে। এমন একটি কোর্স বাছতে হবে যেখানে পাশ করার পর চাকরির সম্ভাবনা বেশি থাকবে। বিগত ১০-১৫ বছরের রেকর্ড বলছে বিএ, বিকম বা বিএসসি পাশ করে চাকরি পাওয়ার সম্ভাবনা খুবই কম। কিন্তু বেশ কয়েকটি প্রফেশনাল শিক্ষার শেষে চাকরি প্রায় নিশ্চিত। তাই প্রফেশনাল কোর্সেই ভর্তি হওয়া উচিত। অনেক কোর্সই তো আছে। কিন্তু সেইগুলির মধ্যে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট, হসপিটাল ম্যানেজমেন্ট, ট্যুরিজম ম্যানেজমেন্ট, মিডিয়া সাইন্স, বিবিএ কোর্সগুলি চাহিদা পৃথিবী জুড়ে।

### হসপিটালিটি ও হোটেল ম্যানেজমেন্ট

এই কোর্সটিতে নানা সার্ভিস সেক্টরের ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়কে একত্রিত করে বিশ্লেষণের মাধ্যমে ছাত্রছাত্রীকে শিক্ষা দেওয়া হয়। এই কোর্সটির মধ্যে হোটেল সহ অনেকগুলি হসপিটালিটি শিল্পের সার্ভিস এবং ম্যানেজমেন্টের নানান দিক সরলভাবে তুলে ধরে ছাত্রছাত্রীকে পড়ানো হয়। কোর্স শেষ করার আগেই ছাত্রছাত্রীরা কাজের সুযোগ পেয়ে যায়। মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজির হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের মাস্টার ডিগ্রি কোর্সটির মেয়াদ হল ২ বছর আর ব্যাচেলার ডিগ্রি কোর্সটির মেয়াদ হল ৩ বছর। হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সটির মেয়াদ হল চার বছর। বছরে দুটি করে সেমিস্টারের পরীক্ষা হয়। দ্বিতীয় বর্ষে ইন্ডাস্ট্রি ট্রেনিং



বাধ্যতামূলক। মোট আসন সংখ্যা ৬০টি। হোটেল এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্টে কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে উচ্চমাধ্যমিক পাশের পর। এই কোর্স পাশ করার পর হোটেল, হসপিটাল, ক্রুজলাইন্স, ব্যাঙ্ক, রেলওয়ে, ট্যুরিজম, কর্পোরেট সংস্থার সার্ভিস ডিপার্টমেন্টের ম্যানেজমেন্টের উচ্চপদে চাকরি নিশ্চিত। এই কোর্সে পড়ানো হয় ফেসিলিটি প্ল্যানিং, ফুড এন্ড বেভারেজ সার্ভিস ফাউন্ডেশান, ফুড এন্ড বেভারেজ সার্ভিস অপারেশন, ফুড প্রোডাকশন ফাউন্ডেশান, ফ্রন্ট অফিস ফাউন্ডেশান, ফুড এন্ড বেভারেজ কন্ট্রোল ও ম্যানেজমেন্ট, ফাউন্ডেশন কোর্স ইন হাউস কিপিং, ফুড সাইন্স এন্ড নিউট্রিশন ইত্যাদি। হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সটি পড়তে অতিমেধাবী হওয়ার দরকার নেই। সাধারণ উচ্চমাধ্যমিক, গ্রাজুয়েট ছাত্রছাত্রীরা যেকোন স্ট্রিম থেকে পাশ করার পর কোর্সগুলি পড়তে পারবে এবং উজ্জ্বল ভবিষ্যত গড়তে পারবে।

### হসপিটাল ম্যানেজমেন্ট

এই কোর্সটি মাস্টার ডিগ্রি কোর্সটির মেয়াদ হল ২ বছর আর ব্যাচেলার ডিগ্রি কোর্সটির মেয়াদ হল ৩ বছর। যে কোন স্ট্রিম থেকে উচ্চমাধ্যমিক পাশ করলে ব্যাচেলার ডিগ্রি, স্নাতকের পর মাস্টার ডিগ্রি কোর্সটির জন্য আবেদন করতে পারবে। কোর্স চলাকালীন ৬ মাসের ইন্টার্নশিপ করতে হবে মাল্টিস্পেশালিটি হসপিটাল ও চিকিৎসা সংক্রান্ত সংস্থায়। আর পাশ করলে সরকারি ও বেসরকারি চাকরি বাধা। এখন প্রচুর ছেলেমেয়ে হসপিটাল ম্যানেজমেন্টের ব্যাচেলার ডিগ্রি কোর্স পড়ছে। কোর্সটি পাশ করে আধুনিক সুপার স্পেশালিটি হসপিটালে ম্যানেজমেন্টের বিভিন্ন পদে চাকরি হবে। চিকিৎসাধীন অথবা চিকিৎসা করাতে আসা মানুষজনদের আধুনিক সুযোগ সুবিধা প্রদান করা থেকে শুরু করে সকল কাজই সুষ্ঠভাবে পরিচালনা করার মতো মহান দায়িত্বই হল হসপিটাল ম্যানেজমেন্ট ডিগ্রীধারী ছেলেমেয়েদের। সাধারণত চাকরি পায় হসপিটাল এ্যাডমিনিস্ট্রেটর, হেলথ সিস্টেম প্ল্যানার, হেলথ কেয়ার ম্যানেজমেন্ট সুপারভাইজার, হেলথ এ্যাডমিনিস্ট্রেটর, হিউম্যানস্ রিসোর্স ম্যানেজার ইন হেলথ কেয়ার, মেডিকেল মার্কেটিং অফিসার ইত্যাদি পদে। যে সকল ছেলেমেয়েরা চাকরির গন্ডিতে বাধা পড়তে চায় না তাদের জন্য রয়েছে উচ্চশিক্ষা অর্থাৎ মাস্টার ডিগ্রি এরপর পি এইচ ডি করার সুযোগ।

### ট্যুরিজম ম্যানেজমেন্ট



মানবমনের ভ্রমন তৃষ্ণাকে চরিতার্থ করতেই গড়ে ওঠা এই শিল্পের প্রসার ঘটেছে ব্যাপকভাবে। কারণ ঘরপোষা বাঙালি ভ্রমনের উদ্দেশ্য নিয়েই পা রাখতে শুরু করেছে বিদেশের মাটিতে। তাছাড়া ভারতেই আছে নানা বৈচিত্রময় প্রকৃতি, বিদেশের মাটি ছেড়েও ভ্রমন পিপাসু মন মুগ্ধ হয়ে ওঠে এখানকার স্থাপত্যে সংস্কৃতিতে ও ঐতিহ্যে, তাই খুব স্বাভাবিক ভাবেই স্ফূরণ ঘটেছে ট্রাভেল ও ট্যুরিজম ইন্ডাস্ট্রির। প্রাইভেট সেক্টরগুলিও এই শিল্পে প্রচুর বিনিয়োগ করছে - ফলস্বরূপ এই ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট বিষয়ে সুদক্ষ ও সৃজনশীল প্রফেশনালদের চাহিদা বাড়ছে।

মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি, পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত ব্যাচেলার ইন ট্যুরিজম ম্যানেজমেন্ট কোর্সটি। সাধারণত সেমিস্টার ভিত্তিক পরীক্ষা হয়। যে কোন স্ট্রিম থেকে উচ্চমাধ্যমিক পাশের পর ব্যাচেলার ইন ট্যুরিজম ম্যানেজমেন্ট পড়তে পারবে।

### মিডিয়া সাইন্স

বছর দশেক আগে মিডিয়া এন্টারটেনমেন্ট বলতে ছিল হাতে গোনা কয়েকটি সরকারি ও বেসরকারি টিভি চ্যানেল, দু একটি খবরের কাগজ আর ভগ্নদশা সিনেমা হল। বেশ কয়েক বছর হল মিডিয়া জগতে দেশ ও বিদেশের নামকরা সংস্থা ভিড় জমাচ্ছে প্রতিটি ছোট বড় শহর এমনকি গ্রামেও। এরফলে শিক্ষিত মিডিয়া প্রফেশনালদের চাহিদা উর্দ্ধমুখী। তাহলে এত কর্মীর যোগান দিচ্ছে কে? সোজা কথায় মিডিয়া ম্যানেজমেন্ট কলেজগুলি। আজ সেট টপ বক্স খুললেই অসংখ্য চ্যানেল। সেই সব চ্যানেলে অসংখ্য প্রোগ্রাম, সিরিয়াল, বিজ্ঞাপনের অভাব নেই। এছাড়াও রয়েছে ভারতবর্ষের নামকরা পাবলিকেশনের বাংলা, ইংরাজী, হিন্দি খবরের কাগজ, পত্র পত্রিকা। আর বাংলা, হিন্দি সিনেমা বা মাল্টিপ্লেক্স তো রয়েছেই। এইসব চ্যানেলের প্রোগ্রাম, সিরিয়াল, বিজ্ঞাপন, সিনেমা তৈরি থেকে সাধারণ দর্শকের চোখের সামনে নিয়ে আসার জন্য প্রতিটি ক্ষেত্রে মিডিয়া ম্যানেজমেন্ট পাশ করা



ছাত্রছাত্রীর উপর নির্ভর করতে হয় নামি দামী খ্যাতনামা সংস্থার। বিষয়বস্তু ও তার প্রতিক্রিয়া - মূল এই বিষয়টির সঙ্গে উপনদী ও শাখানদীর মতো মিশেছে সোশ্যাল সাইন্স, অর্থনীতি, সমাজতত্ত্ব, আর্ট, ইতিহাস, ফিল্ম, থিওরি, সমালোচনা, তথ্য ইত্যাদি কিছু রিসার্চমূলক বিষয়। এন্টারটেইনমেন্ট এন্ড মিডিয়া ভারতের বৃহত্তর ইন্ডাস্ট্রি। শিল্পের প্রয়োজনে মিডিয়া সাইন্সে সংযুক্ত হয়েছে বিভিন্ন বিষয়। মিডিয়া ম্যানেজমেন্ট যেখানে সৃজনশীলতা প্রদর্শনের পাশাপাশি পড়ুয়ারা অর্থ রোজগারেরও সুযোগ পাবে।

মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি, পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত ব্যাচেলার ইন মিডিয়া ম্যানেজমেন্ট হল তিন বছরের কোর্স। যে কোন স্ট্রিম থেকে উচ্চমাধ্যমিক পাশ করলে এই কোর্সটি পড়ার সুযোগ পাবে। কোর্সের প্রধান বিষয়গুলি হল ডেভেলপমেন্ট অফ মাস কমিউনিকেশন, প্রেস ফটোগ্রাফি ল্যাব, প্রেস ফটোগ্রাফি, ভিডিও প্রোডাকশান, মার্কেটিং ইন মাস মিডিয়া, প্রিন্ট জার্নালিজম, ইলেকট্রনিক মিডিয়া প্ল্যানিং এন্ড প্রোডাকশান, ইনফরমেশান এন্ড কম্পিউটার টেকনোলজি, ফিল্ম এন্ড টেলিভিশন থিওরি এন্ড প্র্যাকটিক্যাল ইত্যাদি। পাশ করলে চাকরির সুযোগ হয় ইলেকট্রনিক মিডিয়া, জার্নালিজম, ফটোগ্রাফি, মার্কেটিং, এ্যানিমেশন, ফিল্ম, এ্যাডভার্টাইজমেন্ট, স্টেজ প্রোডাকশান এন্ড ডেকোরেশান, ডিজাইন এন্ড পেজ মেক-আপ, পাবলিক রিলেশান ইত্যাদি পদে।

### বিবিএ

বিবিএ কোর্স পাশ করলে কর্পোরেট সংস্থায় চাকরি পাকা। তাছাড়াও চাকরির প্রচুর সুযোগ আছে সরকারি ও বেসরকারি উন্নয়নমূলক সংস্থা, স্বেচ্ছাসেবী সংস্থা, রিটেল, সোশাল অর্গানাইজেশান, পঞ্চায়েত ও প্রমোশোন, কেন্দ্রিয় ও রাজ্য সরকার পরিচালিত ব্যাংক, সিমেন্ট সংস্থা, ফার্ম কোম্পানি, বিমা, এয়ার লাইন্স ও জাহাজ শিল্পে। এই রাজ্যে বিবিএ পড়ানো হয় পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত কারিগরি বিশ্ববিদ্যালয় যার নাম মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি।

জীবন গড়ে তোলার জন্য কঠিন পরিশ্রমের পথ বেছে নেয় সকলেই। কিন্তু পরিবর্তিত এই সময়ে পরিশ্রম নয়, পরিশ্রমের পরিণামটিই হল আসল। সকলেই সফল কেরিয়ার গড়তে চায়, যেখানে থাকবে নিজের সৃজনশীলতা প্রদর্শনের সুযোগ। এখানে হোটেল, হসপিটালিটি, হসপিটাল ম্যানেজমেন্ট, ট্রাভেল এন্ড ট্যুরিজম, মিডিয়া ম্যানেজমেন্ট কোর্স নিয়ে আলোচনা করা হল। উচ্চশিক্ষার এই বিস্তৃত ক্ষেত্রে এই রাজ্যের পড়ুয়াদের অন্যতম পছন্দ হল মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি, পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত এস বি আই এইচ এম। ভর্তির ফর্মের জন্য যোগাযোগ করতে হবে সিটি অফিস : সল্টলেক, এ. এইচ. - ২৭৪, সেক্টর - ২, কোলকাতা - ৭০০০৯১। কলেজ ক্যাম্পাস : ব্যারাকপুর - বারাসাত রোড, কোলকাতা - ৭০০১২৬, বাসস্টপ কাজী বাড়ী। যে কোন কোর্সে ভর্তির জন্য ফর্মের দাম ৭০০ টাকা। এছাড়া ডাকযোগে বা অনলাইনের (www.sbihmit.com) মাধ্যমে করলে ৮০০ টাকা। ৮২৪০৯০২০৫২, ৮৪২০৫২৩২৭৪ বা ০৩৩ ২৩৫৮৯৬৭৩নম্বরে।





Full-time Degree Courses in
Fashion Design
Course Fee : Rs. 2,46,000 by 9th Installment



Hear you'll learn about all aspects of the fashion industry, including broad technical skills and an understanding of the industry itself, including its historical development, current trends and contemporary issues surrounding fashion today, such as ethical sourcing, manufacturing and distribution with modern technical support in a exotic amazing campus of 80,000 sq. ft. area.

QUALIFIED, SKILLED PROFESSOR
INTERNATIONAL PLACEMENT & TRAINING
5,900+ STUDENTS PLACED WORLDWIDE

Degree awarded by MAKAUT, Govt. of WB

Contact
P. S. Corporate Park, Salt Lake, Sector - V, Kolkata - 700091

SBIHM Subhas Bose Institute of Fashion Technology
98300 12536
www.sbihm.in


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৬ জুলাই-১৩ জুলাই

**৬ জুলাই** কর্নাটকে চরম সঙ্কটে পড়ল কংগ্রেস-জেডিএস-এর জোট সরকার। এদিন একযোগে ইস্তফা দিয়েছেন দুই দলের ১১ জন বিধায়ক। কংগ্রেসের ৮ জন এবং জনতা দল (সেকুলার)-এর ৩ জন বিধায়ক গোপনে বিধানসভার স্পিকারের কাছে গিয়ে পদত্যাগপত্র দিয়ে আসেন। বিধায়কদের দাবি আরও ৩ জন বিধায়ক সদস্যপদে ইস্তফা দিতে চান। এই ইস্তফা গ্রহণ করা হলেই জোট সরকার সংখ্যালঘু হয়ে পড়বে। এমন অবস্থায় বিক্ষুব্ধদের দলে ফেরাতে মরিয়া চেষ্টা শুরু হয়েছে কংগ্রেস শিবিরে।

## রাহুলের পর ইস্তফা জ্যোতিরাদিত্য ও মিলিন্দের



**৭ জুলাই:** কংগ্রেস সভাপতির পদ থেকে রাহুল গান্ধীর ইস্তফার পর এদিন পদত্যাগ করলেন দলের দুই তরুণ মুখ— জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং মিলিন্দ দেওরা। রাহুল ইস্তফা দিয়েই স্পষ্ট করে দিয়েছিলেন, দলের পুনর্গঠনের জন্য অনেক কঠিন সিদ্ধান্ত নিতে হবে। ২০১৯-এর হারের দায় অনেককেই নিতে হবে। কিন্তু কমল নাথ বাদে কংগ্রেসের আর কোনও বড় নেতাই এত দিন পর্যন্ত সেই দায় নেননি। এদিন প্রথমে পদত্যাগের কথা ঘোষণা করেন মুম্বই কংগ্রেস শাখার প্রধান মিলিন্দ দেওরা। তিনি জানান, দলকে সুসংহত করতে জাতীয় স্তরে যেকোনও দায়িত্ব পালন করতে চান তিনি। কংগ্রেসের অন্যতম সাধারণ সম্পাদক জ্যোতিরাদিত্যও টুইট করে জানিয়েছেন, জনতার রায় মেনে নিয়ে এবং হারের দায় স্বীকার করেই ইস্তফার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। **ছবি:** পি টি আই

**৮ জুলাই** উত্তরপ্রদেশের যমুনা এক্সপ্রেসওয়েতে বড় ধরনের পথদুর্ঘটনার জেরে ২৯ জন প্রাণ হারালেন। উত্তরপ্রদেশের পথ নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠল, যেখানে গত ৬ মাসে ৯৫ বার পথ দুর্ঘটনা ঘটল। আগ্রা থেকে গ্রেটার নয়ডা পর্যন্ত ১৬৫ কিলোমিটার দীর্ঘ এই রাস্তায় ২০১২ সাল থেকে এ পর্যন্ত মারা গিয়েছেন ৯৪ জন, জখম ১২০।

**রাশিয়ার অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান ইউরাল** ফেডেরাল বিশ্ববিদ্যালয় আধ্যাত্মিক গুরু শ্রী শ্রী রবিশঙ্করকে সাম্মানিক ডক্টরেট প্রদান করল। এই বিশ্ববিদ্যালয় রাশিয়ার প্রথম প্রেসিডেন্ট বি এন ইয়েলিৎসিনের নামাঙ্কিত। রবিশঙ্কর বলেন, 'বিশ্বের প্রতিটি কোণে শিক্ষাকে পৌঁছে দিতে হবে। তা হলেই সমাজে শান্তি ও আনন্দ বজায় থাকবে।' জ্ঞানের আদান প্রদানের জন্য রবিশঙ্করের ভাবনায় গড়ে ওঠা ওড়িশার শ্রী শ্রী বিশ্ববিদ্যালয় ও ইউরাল বিশ্ববিদ্যালয় একটি মউ স্বাক্ষর করে। প্রসঙ্গত, শ্রী শ্রী বিশ্ববিদ্যালয় হল ভারতের প্রথম সিগারেট, মাদক ও মদ মুক্ত ক্যাম্পাস।

**৯ জুলাই** কর্নাটকে রাজনৈতিক টানা-পড়েনের মধ্যে সে রাজ্যের বিধানসভার স্পিকার জানিয়ে দিলেন, কংগ্রেস ও জেডিএসের পদত্যাগী বিধায়কেরা তাঁর সঙ্গে দেখা না করেই গণ ইস্তফা দেওয়ায় সেগুলি গ্রহণ করা হচ্ছে না। এর ফলে মুখ্যমন্ত্রী কুমারস্বামী সাময়িক স্বস্তি পেলেও এদিন কংগ্রেস পরিষদীয় দলের বৈঠকে অনুপস্থিত ছিলেন দলের অন্তত এক ডজন নেতা। তার ফলে শাসক জোটে ফের আশঙ্কার সৃষ্টি হয়েছে।

**সন্ত্রাস দমনে কড়া নীতি নেওয়ায় জম্মু-**কাশ্মীরে জঙ্গি নিয়ন্ত্রণে সাফল্য পাওয়া গিয়েছে বলে লোকসভায় দাবি করল কেন্দ্র। এদিন লোকসভায় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী জি কিষণ রেড্ডি ২০১৮ সালের পরিসংখ্যানের ভিত্তিতে বলেন,'২০১৭ সালের তুলনায় ২০১৮ সালে সন্ত্রাসের ঘটনা অনেকটাই কমেছে। স্থানীয় যুবকেরাও আর আগের মতো জঙ্গি দলে নাম লেখাচ্ছেন না। কমেছে অনুপ্রবেশও।' কড়া দমননীতি নেওয়ার জন্যই জঙ্গি মৃত্যুর সংখ্যাও বেড়েছে বলে দাবি করেছেন তিনি। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আরও জানিয়েছেন, জঙ্গি অনুপ্রবেশ একেবারে কমানোর লক্ষ্যে নিয়ন্ত্রণরেখায় বেড়া লাগানোর কাজ পুরোদমে চলছে। আগামী বছরের মার্চের মধ্যেই এই কাজ শেষ হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।



“কুলভূষণের সঙ্গে দেখা করতে না দিয়ে, তাঁর আইনি সহায়তার ব্যবস্থা না করতে দিয়ে ভারতের অধিকার লঙ্ঘন করেছে পাকিস্তান। তাঁদের বিরুদ্ধে ভিয়েনা কনভেনশনের নিয়ম ভাঙার যে অভিযোগ আনা হয়েছে তা সত্যি।”

**আন্তর্জাতিক আদালত,** *দ্য হেগ, নেদারল্যান্ডস*

কুলভূষণ যাদব মামলায় ভারতের বক্তব্যকে মান্যতা দিয়ে

## বর্ষসেরা ফুটবলার সুনীল ছেত্রী



**৯ জুলাই:** এআইএফএফের বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হলেন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী। এদিন নয়াদিল্লিতে সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের কর্মসমিতির সভায় সুনীলের নাম ঘোষিত হয়। এই নিয়ে ৬ বার বর্ষসেরা হলেন তিনি। ২০০৭, ১১, ১৩, ১৪ এবং ২০১৭ সালে বর্ষসেরা হওয়ার পর ২০১৮-১৯ মরসুমের সেরার পুরস্কারও উঠল বেঙ্গালুরু এফসি তারকার হাতে।

## পবিত্র সরকারকে জাপান সরকারের বিশেষ সম্মান



**১০ জুলাই:** বিশিষ্ট শিক্ষাবিদ পবিত্র সরকারকে জাপান সরকারের 'দ্য অর্ডার অফ দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার রেজ' শিরোপা দেওয়ার কথা ঘোষণা করা হল। কলকাতার জাপান কনসুলেট থেকে এ খবর জানানো হয়েছে। জাপানের প্রাক্তন সম্রাট মেইজির আমল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে। জাপানি সংস্কৃতি, ঐতিহ্য, সামাজিক উন্নয়ন ও পরিবেশ রক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেওয়া হয়ে আসছে। এটি জাপান সরকারের তৃতীয় সর্বোচ্চ নাগরিক সম্মান। দীর্ঘদিন ধরে ভারত-জাপান সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালনের জন্য পবিত্র সরকার এই সম্মান পেলেন।

**লোকসভা নির্বাচনে ব্যর্থতার দায় নিয়ে** পদত্যাগ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র। এআইসিসি অবশ্য তাঁর পদত্যাগপত্র গ্রহণ না করে কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছে। সোমেনের পদত্যাগ প্রসঙ্গে কংগ্রেসের কেন্দ্রীয় নেতা গৌরব গগৈ বলেছেন, 'জাতীয় স্তরে নতুন কংগ্রেস সভাপতি ঘোষণা হওয়ার পরে তিনিই স্থির করবেন কোন রাজ্যে কে কংগ্রেস সভাপতি থাকবেন। তাই কংগ্রেস সভাপতির অফিস এখন সোমেন মিত্রর ইস্তফা গ্রহণ করবে না।'

**হংকংয়ের প্রত্যর্পণ বিলটি অনির্দিষ্ট** কালের জন্য স্থগিত হয়ে গেলেও বিলটি পূর্ণভাবে প্রত্যাহারের দাবিতে বিক্ষোভে অনড় রইলেন হংকংয়ের প্রতিবাদী বাসিন্দারা। হংকংয়ের মুখ্য প্রশাসনিক আধিকারিক ক্যারি ল্যাম অবশ্য সাংবাদিক বৈঠকে ঘোষণা করেছেন, 'আইনসভার অধিবেশনের মেয়াদ শেষ হলেই বিলটি অর্থহীন হয়ে যাবে।' কিন্তু তাও ল্যামকে বিশ্বাস করতে নারাজ হংকংয়ের বিরাট অংশের বাসিন্দারা। বিলটি অর্থহীন হতে এখনও আগামী জুলাইতে আইনসভার মেয়াদ শেষ হওয়ার অপেক্ষা। সেই সময়ের মধ্যে বেজিং অনুগত প্রশাসন এই আইন চালু করার চেষ্টা যে করবেন না সে সম্পর্কে নিশ্চিত নন হংকংয়ের জনগণ।

**১০ জুলাই** শিশুদের উপর যৌন নির্যাতন রুখতে প্রোটেকশন অব চিলড্রেন ফ্রম সেক্সুয়াল অফেন্সেস (পসকো) আইনকে আরও কড়া করার প্রস্তাব দিল নরেন্দ্র মোদী সরকার। সংশোধনী এনে শাস্তির সঙ্গে জোড়া হয়েছে মৃত্যুদণ্ডের প্রস্তাব। সেইসঙ্গে এদিনই সামাজিক, আর্থিক ও শিক্ষা ক্ষেত্রে রূপান্তরকামীদের উপর নানা সঙ্কট ও বৈষম্য রুখতে ট্রান্সজেন্ডার পার্সনস (প্রোটেকশন অব রাইটস) বিলে সম্মতি জানিয়েছে মন্ত্রিসভা।

**এনআরসির মতোই নাগাল্যান্ডে 'ভূমিপুত্র'** ও 'বহিরাগত' চিহ্নিতকরণের কাজ শুরু করল নাগাল্যান্ড সরকার। রাজ্য মন্ত্রিসভা এই প্রক্রিয়ার অনুমোদন করেছে। চিহ্নিত করার এই প্রক্রিয়ার নাম দেওয়া হয়েছে, 'রেজিস্ট্রার অফ ইন্ডিজেনাস ইনহ্যাবিট্যান্টস অফ নাগাল্যান্ড' (রিন)। সব গ্রাম ও ওয়ার্ডে অতিরিক্ত জেলাশাসক, বিডিওদের নেতৃত্বে শিক্ষক, গ্রামপ্রধানদের নিয়ে তৈরি হয়েছে সমীক্ষক দল। দু'মাসের মধ্যে তালিকা চূড়ান্ত হয়ে যাবে বলে জানা গিয়েছে।

**১১ জুলাই** এজবাস্টনে অস্ট্রেলিয়াকে আট উইকেটে হারিয়ে বিশ্বকাপের ফাইনালে উঠল ইংল্যান্ড। বিশ্বকাপে এর আগে ১৯৯২ সালে শেষবার ফাইনালে খেলেছিল ইংল্যান্ড। অস্ট্রেলিয়া প্রথমে ব্যাট করে ৪৯ ওভারে ২২৩ রানে অলআউট হয়ে যায়। ইংল্যান্ড ৩২.১ ওভারে ২ উইকেট হারিয়ে ২২৬ রানে পৌঁছে যায়। ২০ রানে ৩ উইকেট নিয়ে ইংল্যান্ডের ক্রিস ওকস ম্যাচের সেরা হয়েছেন।

## সেমিফাইনাল থেকে বিদায় ভারতের



**১০ জুলাই:** বিশ্বকাপ ক্রিকেটের সেমিফাইনালে নিউজিল্যান্ডের কাছে ১৮ রানে হেরে প্রতিযোগিতা থেকে ছিটকে গেল ভারত। বৃষ্টি হওয়ায় দু'দিনে শেষ করতে হয় একদিনের ম্যাচ। নিউজিল্যান্ড প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৩৯ রান তোলে। ভারত ব্যাট করতে নেমে ব্যাটিং বিপর্যয়ের সামনে পড়ে। দুই ওপেনার কে এল রাহুল ও রোহিত শর্মা এবং বিরাট কোহলি ব্যর্থ হন। তিনজনই ব্যক্তিগত ১ রানে আউট হন। দীনেশ কার্তিক আউট হওয়ার পর ভারতের রান দাঁড়ায় ৪ উইকেটে ২৪। এরপর ঋষভ পন্থ, হার্দিক পাণ্ড্য, ধোনি ও রবীন্দ্র জাডেজা চমকপ্রদ ব্যাটিং করলেও শেষরক্ষা হয়নি। ভারতের ব্যাটিং অর্ডারে ধস নামিয়ে ম্যাচের সেরা হন ম্যাট হেনরি।

## ব্রাজিল ১২ বছর পর কোপা জয়ী



**৮ জুলাই:** ১২ বছর পর কোপা আমেরিকা চ্যাম্পিয়ন হল ব্রাজিল। নেমারকে দলের বাইরে রেখেই কোপা ফাইনালে পেরুকে ৩-১ গোলে হারাল তারা। সেমিফাইনালে মেসির আর্জেন্টিনাকে হারিয়েই কোপা জেতা প্রায় সুনিশ্চিত করে ফেলেছিল ব্রাজিল। পেরুকে হারানো ছিল শুধু সময়ের অপেক্ষা। প্রতিযোগিতার আয়োজনও হয়েছিল এবার ব্রাজিলেই। এদিন ফাইনাল ম্যাচের শুরুতেই ১৫ মিনিটে এভার্টনের গোলে এগিয়ে যায় ব্রাজিল। বিরতির ঠিক আগে পেরুর পাওলো পেনাল্টি থেকে ১-১ করেন। প্রথম অর্ধের অতিরিক্ত সময়ে জেসুস দ্বিতীয় গোল করেন। ব্রাজিলের তৃতীয় গোলটি আসে ৯০ মিনিটে রিচার্লিসনের পেনাল্টি থেকে।

**আল কায়দা প্রধান আয়মান আল** জাওয়াহিরি কাশ্মীরে ভারতের বিরুদ্ধে লাগাতার জেহাদের ডাক দিলেও তাকে খুব একটা গুরুত্ব দেওয়ার প্রয়োজন নেই বলে জানাল শীর্ষ প্রশাসন। ১০ তারিখেই এসেছে আল কায়দার এই ভিডিয়ো বার্তা। এদিন এক প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রভীশ কুমার বলেন,'এই ধরনের হুমকি আমরা আগেও শুনেছি। একে বিশেষ গুরুত্ব দেওয়ার প্রয়োজন নেই। আমাদের বাহিনী ভারতের সার্বভৌমত্ব রক্ষায় সক্ষম।'

**আফগানিস্তানে তালিবানদের সঙ্গে শান্তি** আলোচনার অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করলেন আফগানিস্তানে নিযুক্ত মার্কিন শান্তিদূত জালমে খালিজাদ। এদিন একটি বৈঠকে যোগ দিতে বেজিং যান জালমে। সেখানে তিনি জানিয়েছেন, তালিবানের সঙ্গে শেষদফার শান্তি আলোচনা এখনও পর্যন্ত সব চেয়ে ফলপ্রসূ হয়েছে।

**১২ জুলাই** আমেরিকার অহিংস আন্দোলনের পথপ্রদর্শক হিসেবে মহাত্মা গান্ধীর নাম উল্লেখ করলেন মার্কিন হাউস অব রিপ্রেজেন্টেটিভস-এর স্পিকার ন্যান্সি পেলোসি। ভারত-মার্কিন কৌশলগত সম্পর্ক সংক্রান্ত একটি অনুষ্ঠানে মার্কিন নাগরিক আন্দোলনের অন্যতম মুখ মার্টিন লুথার কিং (জুনিয়র)-এর উপর গান্ধীজির প্রভাব নিয়ে কথা বলেছেন ন্যান্সি। গান্ধীজির পাশাপাশি তাঁর মুখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসাও শোনা গিয়েছে।

**১৩ জুলাই** মেট্রোর দরজায় হাত আটকে গিয়ে সেই অবস্থায় মেট্রো চলতে শুরু করায় পার্ক স্ট্রিট স্টেশনে মৃত্যু হল সজলকুমার কাঞ্জিলাল (৬৬) নামে এক মেট্রো যাত্রীর। গাড়িতে ভিড় থাকায় সজলবাবু নিজে ভিতরে ঢুকতে না পারলেও মেট্রোর বন্ধ দরজায় তাঁর হাত আটকে যায়। নিয়ম অনুযায়ী দরজা খুলে যাওয়ার কথা সঙ্গে সঙ্গে। কিন্তু সেই অবস্থাতেই চলতে শুরু করে কবি সুভাষ গামী ট্রেনটি। টানেলের ভিতর কিছুদূর গিয়ে ছিটকে লাইনের উপর পড়ে মৃত্যু হয় ওই যাত্রীর। এই ঘটনায় আলোড়ন পড়ে দেশের নানা মহলে। মেট্রো কর্তৃপক্ষ ঘটনার পূর্ণাঙ্গ তদন্তে নেমেছে।

**দক্ষিণ সোমালিয়ার কিসমেয়ো শহরে** আত্মঘাতী জঙ্গি হামলায় অন্তত ২৬ জন নিহত হলেন। আহত অন্তত ৫৬ জন। নিহতদের মধ্যে বেশ কয়েকজন বিদেশি রয়েছেন। এঁরা আমেরিকা, ব্রিটেন, কানাডা, কেনিয়া ও তানজানিয়ার নাগরিক বলে জানা গিয়েছে। এদিন খবরে প্রকাশ কিসমেয়োর মেদিনা হোটেলে ১২ জুলাই বিস্ফোরক বোঝাই একটি গাড়ি নিয়ে হামলা চালায় জঙ্গিরা। সোমালিয়ার বাহিনীর সঙ্গে ১২ ঘণ্টার লড়াইয়ের পর সব জঙ্গিই নিহত হয়েছে বলে সে দেশের সরকার জানিয়েছে। হামলার দায় স্বীকার করেছে আল শাবাব জঙ্গি সংগঠন।

## উইম্বলডনে মহিলাদের সিঙ্গলস খেতাব হালেপের



**১৩ জুলাই:** রোমানিয়ার প্রথম টেনিস খেলোয়াড় হিসেবে উইম্বলডনের মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন সিমোনা হালেপ। লন্ডনে প্রতিযোগিতার ফাইনালে হালেপ ৬-২, ৬-২ সেটে হারালেন সেরেনা উইলিয়ামসকে। জয়ের পর এই ম্যাচটিকেই জীবনের সেরা ম্যাচ বলেছেন হালেপ। ১০ বছরের ছোট হালেপের প্রশংসা করেছেন সেরেনাও। ২৩টি গ্র্যান্ড স্লাম জয়ী সেরেনা বলেন, 'হালেপ দুরন্ত খেলেছে। আমি অনেক ভুল করেছি। এবার আমাকে ফাইনালে জেতার একটা উপায় খুঁজে বের করতে হবে। হয়তো গ্র্যান্ড স্লামের বাইরে অন্য কোনও প্রতিযোগিতায় খেলাটা সাহায্য করবে।'

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কী পড়বেন, কোথায় পড়বেন

## ডিজিটাল হিউম্যানিটিজ অ্যান্ড কালচারাল ইনফর্মেটিক্স কোর্সে ভর্তি

ডিজিটাল হিউম্যানিটিজ অ্যান্ড কালচারাল ইনফর্মেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস। কোর্সের মেয়াদ ১ বছর।

**আসনসংখ্যা:** ২৫টি। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম এ বা এম এসসি বা এম টেক বা এম এল আই এস বা সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। এর পাশাপাশি কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

**কোর্স ফি:** ১০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'The Registrar, Jadavpur University'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম ও ফোন নম্বর লিখে দেবেন।
- ✓প্রার্থীর এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২ অগস্টের মধ্যে যে-কোনও কাজের দিন (দুপুর সাড়ে ১২টা থেকে বিকেল ৫টা) সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস, ষষ্ঠ তল, রবীন্দ্র ভবন (ওপেন এয়ার থিয়েটারের বিপরীতে), যাদবপুর বিশ্ববিদ্যালয়, ১৮৮, রাজা এস সি মল্লিক রোড, কলকাতা-৭০০ ০৩২।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### জে বি এন এস টি এস জুনিয়র স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯

উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় পড়াশোনা করতে ইচ্ছুক মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে জগদীশ বসু ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ (জে বি এন এস টি এস)। দু'বছরের জন্য দেওয়া হবে এই স্কলারশিপ।

**আবেদনের যোগ্যতা:** ২০১৯ সালে অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ দশম শ্রেণি পাশ এবং একাদশ শ্রেণিতে বিজ্ঞান শাখায় পাঠরত হতে হবে।

স্কলারশিপের পরিমাণ প্রতি মাসে ১,০০০ টাকা। এ ছাড়া বইয়ের খরচ বাবদ দেওয়া হবে বছর প্রতি ২,৫০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/JBN2 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ ২০১৯

আইন নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ডক্টর গুলাম ই বাহনবতী স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ৫০,০০০ টাকা থেকে ২ লাখ টাকা পর্যন্ত।

**আবেদনের যোগ্যতা:** এল এল বি বা এল এল এম কোর্স পাঠরতরা আবেদনের যোগ্য। প্রার্থীকে ২০১৯-এ হওয়া ক্ল্যাট বা ল স্কুল অ্যাডমিশন টেস্ট বা এ আই এল ই টি বা সমতুল আইন-সংক্রান্ত প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখের নীচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/GMM2 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### ডঃ রেড্ডিজ ফাউন্ডেশন সশক্ত স্কলারশিপ ২০১৯

বিজ্ঞান শাখায় স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক আর্থিকভাবে দুর্বল ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ডঃ রেড্ডিজ ফাউন্ডেশন। স্কলারশিপ দেওয়া হবে তিন বছরের জন্য।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে পিওর সায়েন্স বা ন্যাচেরাল সায়েন্সের যে-কোনও শাখায় বি এসসি পাঠরত হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৮০,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/SS69 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### দ্য রোডস স্কলারশিপ ফর ইন্ডিয়া, ইউনিভার্সিটি অব অক্সফোর্ড ২০১৯

ইংল্যান্ডে বিভিন্ন বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েশনের কোর্স করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের রোডস ট্রাস্ট। নির্বাচিত প্রার্থীদের কলেজ ফি, থাকার খরচ এবং যাওয়া-আসার খরচ বাবদ দেওয়া হবে এই স্কলারশিপ।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। বয়স ১-১০-২০২০ তারিখে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/RSO3 অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## ইন্ডিয়ান অয়েলে ১৩১ ট্রেড অ্যাপ্রেন্টিস

২৩০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সংশোধিত) অনুসারে সংস্থার নর্দার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশনে এক বছরের ট্রেনিং দেওয়া হবে অ্যাকাউন্ট্যান্সি, আই টি আইয়ের একাধিক ট্রেড এবং ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/NR/APPR/2019-20/1. পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনে আবেদন জানাতে পারবেন। তাই এখানে কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১৩১টি আসনের বিষয়েই জানানো হল।

**আসনসংখ্যার বিবরণ:** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস— দিল্লি: ৭টি, হরিয়ানা: ৬টি, হিমাচল প্রদেশ: ৩টি, জম্মু ও কাশ্মীর: ৩টি, পাঞ্জাব: ৫টি, রাজস্থান: ৫টি, উত্তর প্রদেশ: ১২টি, উত্তরাখণ্ড: ৩টি।

ট্রেড অ্যাপ্রেন্টিস— **দিল্লি:** ৭টি। **হরিয়ানা:** ৬টি। **হিমাচল প্রদেশ:** ৩টি। **জম্মু ও কাশ্মীর:** ৩টি। **পাঞ্জাব:** ৫টি। **রাজস্থান:** ৫টি। **উত্তরপ্রদেশ:** ১২টি। **উত্তরাখণ্ড:** ৩টি।

ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট— **চণ্ডিগড়:** ৫টি। **দিল্লি:** ৮টি। **হরিয়ানা:** ৬টি। **হিমাচল প্রদেশ:** ২টি, **জম্মু ও কাশ্মীর:** ২টি, **পাঞ্জাব:** ৩টি। **রাজস্থান:** ৫টি। **উত্তরপ্রদেশ:** ১৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এর মধ্যে যে-কোনও একটি শাখায় ডিপ্লোমা।

ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক্স মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্টের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

কোনও ক্ষেত্রেই উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা আবেদন করবেন না।

এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় এক বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। তিন বছর আগে যোগ্যতা নির্ধারণকারী পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দেড় ঘণ্টার লিখিত পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ জেনেরিক অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ইংলিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ অগস্ট। পরীক্ষাকেন্দ্রগুলি হল: নয়াদিল্লি, জয়পুর, লখনউ এবং চণ্ডিগড়। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.iocl.com

ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করার আগে প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এবং ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https:apprenticeshipindia.org রেজিস্ট্রেশনের পর একটি রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

এরপর অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৮ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন ফটো, কালো কালিতে করা সই, পি ডি এফ ফর্ম্যাটে জন্মতারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিকের মার্কশিট বা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল আপলোড করতে হবে। প্রতিটি নথির সাইজ হতে হবে ১০০ কেবি-র মধ্যে। প্রার্থীর প্যান কার্ড, আধার কার্ড এবং নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফ্যাশন টেকনোলজিতে ১৭৯ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

১৭৯ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। এটি কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 09/Assistant Professor/Contract/2019.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৭৪, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪৯, আর্থিকভাবে অনগ্রসর ১৭। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে শিক্ষকতা বা গবেষণার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। নির্দিষ্ট শাখায় ডক্টরেট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে শিক্ষকতা বা গবেষণার কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি বা ডক্টরেট ডিগ্রির নির্দিষ্ট বিষয়গুলি হল: ফ্যাশন ডিজাইন, লেদার ডিজাইন, নিটওয়্যার ডিজাইন, অ্যাক্সেসরি ডিজাইন, ফ্যাশন অ্যান্ড লাইফস্টাইল অ্যাক্সেসরিজ, টেক্সটাইল ডিজাইন, প্রোডাক্ট ডিজাইন, ক্লথিং অ্যান্ড টেক্সটাইল, ফেব্রিক অ্যান্ড অ্যাপারেল সায়েন্স, কমিউনিকেশন ডিজাইন, ভিশুয়াল কমিউনিকেশন, মাস কমিউনিকেশন, ইনফর্মেশন ডিজাইন, অ্যাডভার্টাইজিং অ্যান্ড ব্র্যান্ডিং, অ্যাডভার্টাইজমেন্ট অ্যান্ড জার্নালিজম, স্ট্র্যাটেজিক ডিজাইন, ফিল্ম ডিজাইন, ফটোগ্রাফি, অ্যানিমেশন অ্যান্ড মাল্টিমিডিয়া, গ্রাফিক্স অ্যান্ড অ্যানিমেশন, ইন্টারঅ্যাকশন ডিজাইন, স্পেস, এগজিবিশন, ইন্টিরিয়র ডিজাইন, ফ্যাশন ম্যানেজমেন্ট, ফ্যাশন টেকনোলজি, অ্যাপারেল প্রোডাকশন, মার্কেটিং।

কমার্শিয়াল বা ভিশুয়াল আর্টস বা আর্ট হিস্ট্রি অ্যান্ড ক্রিটিসিজম বা মিউজিওলজিতে স্পেশ্যালাইজেশন-সহ এম এফ এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

আর্কিটেকচারে স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন।

কমিউনিকেশন ডিজাইন বা ফটোগ্রাফি বা এগজিবিশন ডিজাইনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অথবা ইন্টিরিয়র ডিজাইন বা মাস কমিউনিকেশনে ডিপ্লোমা থাকলেও আবেদন গ্রাহ্য হবে।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বা লেদার টেকনোলজি বা ফুটওয়্যার অ্যান্ড লেদার প্রোডাকশন বা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ে এম টেক ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট বা মার্কেটিং বা ফিনান্সে স্নাতকোত্তর ডিগ্রি বা মার্কেটিং বা ফিনান্স বা এন্টারপ্রেনরশিপে এম বি এ ডিগ্রি থাকলেও দরখাস্ত করা যাবে।

টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ে এম ই ডিগ্রি থাকলে অথবা ফিনান্স বা এন্টারপ্রেনরশিপে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি থাকলে অথবা এম সি এ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন।

যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি-সহ প্রোডাক্ট ডিজাইন বা জুয়েলারি ডিজাইনের ক্যাড বা থ্রি ডি-ক্যাডে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করা থাকলেও প্রার্থীরা আবেদন করতে পারেন।

**বয়স:** ৬-৯-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, প্রেজেন্টেশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা দু'টি পার্টে হবে। প্রথম পার্টে থাকবে জেনারেল এবিলিটি, কমিউনিকেশন এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস, অ্যানালিটিক্যাল এবিলিটি, টেস্ট অব রিজনিং, ডেটা ইন্টারপ্রিটেশন বিষয়ে ৫০ নম্বরের প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ৫০ নম্বরের প্রফেশনাল অ্যাপ্টিটিউড।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nift.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল (প্রতিটি পি ডি এফ ফর্ম্যাটে ৫ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

## নৌবাহিনীতে ৪০০

*প্রথম পাতার পর*

প্রশ্ন। সময়সীমা ৩০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠ-বস), ১০টি পুশ-আপ। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ২৬ জুলাই থেকে ১ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন।

ফি বাবদ দিতে হবে ২০৫ টাকা। তফসিলিদের ফি দিতে লাগবে না। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ভাতিন্ডা এইমসে ১৯৮

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোনও হাসপাতাল বা নার্সিংহোমে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ১ অনুসারে।

পোস্ট কোড LABAT/125: ল্যাব অ্যাটেন্ড্যান্ট গ্রেড-টু: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। মেডিক্যাল ল্যাবরেটরিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ২ অনুসারে।

বয়স: ৬-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

নিয়মানুসারে প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৪৫ মিনিট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৪ অগস্ট। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৩ থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে, এই পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বরে: ৩৫৭০০৬৫৭৩৪৭। ব্যাঙ্কে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ অগস্ট। ফি দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে চালান-সংক্রান্ত তথ্য আপলোড করতে হবে।

অনলাইনে যথাযথভাবে পূরণ করা দরখাস্ত সাবমিটের শেষ তারিখ ৬ অগস্ট।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইন্টারভিউয়ের সময় যতটা সম্ভব নিজেকে সংযত রাখবে



প্রদীপ কুমার দাস
হেড-সেলস
স্কিপার টেক্সটাইলস

চাকরি পাওয়া নিয়ে উদ্বেগ স্বাভাবিক, তবে বর্তমানে ফ্রেশারদের চাকরির সম্ভাবনা বেশ ভালো। কাজের বাজারে বেশিরভাগ সংস্থাই এখন কম খরচে বেশি কাজ চাইছে। ফলে বেশি বেতনে অভিজ্ঞ কর্মী নিয়োগের বদলে, কম টাকায় নতুন চাকুরে নিয়ে, তাদের শিখিয়ে-পড়িয়ে নিতে পারলে লাভ বেশি। এই দিক থেকে দেখলে, অভিজ্ঞতা নেই বলে কাজ পাবো না— এই হতাশার বোধহয় কোনও কারণ নেই।

### কাজের সুযোগ বাড়াতে হবে

এ কথা সত্যি, কাজের বাজারে প্রতিযোগিতাটা যথেষ্ট তীব্র। উঁচু ডিগ্রি আছে, মেধাও দারুণ, এমন নতুন চাকরিপ্রার্থীদেরও হামেশা দেখি কম মাইনের কাজে রাজি হয়ে যাচ্ছেন। তাই, প্রস্তুতি নিতে হবে ভালো করে। ইন্টারভিউয়ে প্রার্থীকে নানা ভাবে যাচাই করে দেখা হবে।

বাড়ির কাছাকাছি থেকে চাকরি করব, এই বদ্ধমূল ধারণার বাইরে বেরিয়ে এসো। এতে কাজের সুযোগ বাড়বে।

অনেকে পড়াশোনার পাশাপাশি নিজের ফিল্ডে ছোট পেশাদারি কোর্স করে নেয়। খুবই ভালো কথা। কিন্তু এসব ক্ষেত্রে দেখা যায়, চাকরি শুরুর আগেই সেই কোর্সের যাবতীয় শিক্ষা সে ভুলে গিয়েছে। কারণ কোর্সের বিষয়গুলি সে যে হাতেকলমে প্রয়োগ করবে, সে সুযোগ তার কাছে নেই। তাই কোর্স শেষ করে ছোটখাটো বা আংশিক সময়ের হলেও কোনও কাজ যদি শুরু করে দাও, তাহলে নিশ্চিত ভাবে বিষয়টা ভালো করে রপ্ত হয়ে যাবে। পুরোপুরি কাজে লাগবে শেখাটা।

### ইন্টারভিউয়ের আগে হোমওয়ার্ক

ইন্টারভিউয়ে যাওয়ার আগে যথাযথ প্রস্তুতি নাও। যে সংস্থার ইন্টারভিউ দিতে যাচ্ছ, সেটির কাজের ধরন অনুযায়ী সম্ভাব্য কী কী প্রশ্ন করা হতে পারে হোমওয়ার্কের মতো করে লিখে প্র্যাকটিস করো। ইন্টারভিউতে এই প্রশ্নগুলোরই অল্পবিস্তর রদবদল হয়।

### সততার সঙ্গে উত্তর

শেখার ইচ্ছে আর আত্মবিশ্বাসই একজন মানুষকে এগিয়ে যেতে সবচেয়ে বেশি সাহায্য করে।

একবার ইন্টারভিউয়ে একটি মেয়েকে জিজ্ঞেস করেছিলাম, তুমি আরও পড়াশোনা করলে আরও উন্নতি করতে পারতে, করলে না কেন? সে উত্তর দিয়েছিল, তার পড়াশোনা করতেই ভালো লাগে না। বাড়ির চাপে যতটা করতে হয়েছে, করেছে। কিন্তু তার বাড়ির বাইরে থাকতে আর কাজ করতেই বেশি ভালো লাগে। এই উত্তর বেপরোয়া ঠিকই, কিন্তু আমরা বেশ খুশিই হয়েছিলাম তার এই সোজাসাপ্টা কথায়। এর মধ্য দিয়ে তার আত্মবিশ্বাস, সাহস, নিজের লক্ষ্যে এগিয়ে যাওয়ার তাগিদ স্পষ্ট হয়েছিল।

আবার এমনও হয়েছে— পাঁচ-সাত বছরের অভিজ্ঞ একজন ব্যক্তি, সেলসের কাজের জন্য ইন্টারভিউ দিতে এসেছে। তার কাছে জানতে চাওয়া হল, সেলসম্যানের তিনটি বৈশিষ্ট্য কী? সে ভালো করে বলতেই পারল না।

### ইন্টারভিউয়ারকে প্রশ্ন করতে দাও

সিভিতে এমন কিছু লেখো, যার থেকে ইন্টারভিউয়ার তোমায় প্রশ্ন করতে বাধ্য হন। মনে রাখবে, তোমাকে ইন্টারভিউয়ারের কাছ থেকে সময় কেড়ে নিতে হবে। ইন্টারভিউ যত দীর্ঘ হবে, তত তোমার নির্বাচিত হওয়ার সম্ভাবনা বাড়তে থাকবে।

কথোপকথনের শুরুর দিকে একটা বাধোবাধো ভাব থাকেই। কিন্তু সময় যত এগোবে, আস্তে আস্তে জড়তা কাটতে থাকবে। এই সময়টা তোমাকেই আদায় করে নিতে হবে। কীভাবে করবে? সিভির মধ্যে কিছু তথ্য এমন রাখবে যার থেকে প্রশ্ন তৈরি হতে পারে। যাকে বলে 'ওপেন এন্ডেড' প্রশ্ন। উত্তর এমনভাবে দেবে, যাতে ওই উত্তর থেকে আরেকটা প্রশ্ন তৈরি হয়ে যেতে পারে।

> কথোপকথনের শুরুর দিকে একটা বাধোবাধো ভাব থাকেই। কিন্তু সময় যত এগোবে, আস্তে আস্তে জড়তা কাটতে থাকবে। এই সময়টা তোমাকেই আদায় করে নিতে হবে। কীভাবে করবে? সিভির মধ্যে কিছু তথ্য এমন রাখবে যার থেকে প্রশ্ন তৈরি হতে পারে। যাকে বলে 'ওপেন এন্ডেড' প্রশ্ন।

### বেশি আত্মবিশ্বাস ক্ষতিকর

ইন্টারভিউয়ে ভয় পাওয়া যেমন ভালো নয়, তেমনই অতিরিক্ত আত্মবিশ্বাসও ভালো না। আমার সঙ্গে একবার এরকমটাই হয়েছিল। এক নামী সংস্থায় প্রথম ধাপের ইন্টারভিউ পাশের পর সব নথিপত্র নিয়ে যেতে বলা হল। ম্যানেজিং ডিরেক্টরের সঙ্গেও ইন্টারভিউ ভালোই হল। তারপর একটা ঘরে বসতে বলা হল। সেখানে আরও কয়েকজন ছিলেন। চাকরি হয়ে গেছে ভেবে তখন আমি চিন্তামুক্ত। একেবারে ক্যাজুয়াল ভঙ্গিতে তাঁদের সঙ্গে কথা বলতে থাকি। এর মধ্যেই একজন আমায় কিছু প্রশ্ন করেন, খুব বেশি না ভেবেই উত্তর দিয়ে দিলাম যেমন-তেমন।

পরে সংস্থার এইচ আর আমায় ডেকে বললেন, চাকরির ব্যাপারে পরে জানানো হবে। শুনে অবাক হয়ে বললাম, এটা কী হল? চাকরি তো ঠিকই হয়ে গিয়েছিল প্রায়। তিনি বললেন, একটু আগে যার সঙ্গে কথা বলছিলেন, তিনি সংস্থার ন্যাশনাল হেড। তাঁর মনে হয়েছে আপনি এই কাজের জন্য উপযুক্ত নন।

এই পরিণতিটা ছিল আমার অতি-আত্মবিশ্বাসের ফল। জীবন থেকে যা শিখেছি তা হল, যতটা দরকার তার বাইরে কথা নয়। ইন্টারভিউয়ের সময় যতটা সম্ভব নিজেকে সংযত রাখবে।


upGrad
HDFC Life
Sar utha ke jiyo!



LEARN
↓
LEARN with upGrad + EARN with HDFC Life
=
CAREER SUCCESS
(PG Certificate + Job Guarantee*)

Walk-in Interview
Documents required: PAN Card & Resume

HDFC Life Office
3, Red Cross Place, Menaka Estate, Near Governor House, Kolkata - 700001, West Bengal

25th July, Thursday
11 a.m.

*T&C apply

To Register, SMS or Call: 9867049792

2 months of online learning + 2 months of paid training + 7 months of paid internship = Permanent Job* in HDFC Life, on successful course completion.
HDFC Life Insurance Company Limited (Formerly HDFC Standard Life Insurance Company Limited).
CIN: L65110MH2000PLC128245. IRDAI Registration No. 101.
Registered Office: 13th Floor, Lodha Excelus, Apollo Mills Compound, N.M. Joshi Marg, Mahalaxmi, Mumbai - 400 011.
Email: service@hdfclife.com, Tel. No: 1860 267 9999 (Mon-Sat 10 am to 7 pm) Local charges apply. Do NOT prefix any country code. e.g. +91 or 00.
Website: www.hdfclife.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

*প্রথম পাতার পর*

**সোলজার টেকনিক্যাল:** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক এবং ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং উল্লিখিত প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন এক্সামিনার):** ইংরেজি, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং এই চারটি বিষয়ের প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট)/সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি):** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ক্লার্ক/স্টোরকিপার (টেকনিক্যাল)/ইনভেন্টরি ম্যানেজমেন্ট:** উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। উচ্চমাধ্যমিক-স্তরে অঙ্ক, বুক কিপিং ও অ্যাকাউন্ট্যান্সির মধ্যে যে-কোনও একটি বিষয় এবং ইংরেজি পড়ে থাকতে হবে এবং এই বিষয়গুলিতে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ট্রেডসম্যান:** মাধ্যমিক। সোলজার ট্রেডসম্যানের মেসকিপার, হাউসকিপার ও সইস ক্যাটেগরির ক্ষেত্রে ক্লাস এইট পাশ।

**বয়স:** সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২১ বছর, অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে— সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২-এর মধ্যে এবং অন্য সব ক্যাটেগরির ক্ষেত্রে ১-১০-১৯৯৬ থেকে ১-৪-২০০২-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** সোলজার ক্লার্ক/স্টোরকিপার/ইনভেন্টরি ম্যানেজমেন্ট ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চতা ১৬২ সেমি এবং অন্য সব পদের ক্ষেত্রে ১৬৯ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি)। তবে সব পদের ক্ষেত্রেই ভারতীয় গোর্খা প্রার্থীদের ১৫৭ সেমি উচ্চতা থাকলেই চলবে। বুকের ছাতি: সোলজার ট্রেডসম্যান ছাড়া অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। ওজন: সোলজার ট্রেডসম্যান এবং তফসিলি উপজাতি ও ভারতীয় গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৪৮ কেজি। অন্য সব ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৫০ কেজি। রাজ্য ও জাতীয়স্তরের খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতির মাপ এবং ওজনে যথাক্রমে ২ সেমি, ৩ সেমি ও ৫ কেজি এবং সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধে নিহত সৈনিকদের ছেলেরা ওই তিন ক্ষেত্রে যথাক্রমে ২ সেমি, ১ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ১০টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র র‍্যালির সময় জানিয়ে দেওয়া হবে।

## র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশনের (থাকলে) অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির দু'টি প্রত্যয়িত নকল। মাধ্যমিক অনুত্তীর্ণদের ক্ষেত্রে স্কুলের প্রধানশিক্ষক কর্তৃক স্বাক্ষরিত এবং ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাউন্টার সিগনেচার-সহ স্কুল ট্রান্সফার সার্টিফিকেট ও মার্কশিট এবং সেগুলির প্রত্যয়িত নকল। অথবা জন্মতারিখের প্রমাণ হিসেবে ডিস্ট্রিক্ট বার্থ রেজিস্ট্রারের কাছ থেকে নেওয়া জন্মতারিখের সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল সঙ্গে রাখবেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা রেজিস্ট্রেশন, অ্যাডমিট কার্ড, মার্কশিট ও সার্টিফিকেটের ৩টি করে নকল সঙ্গে রাখবেন।
- ✓ ডি এম বা এ ডি এম বা এস ডি ও-র অফিস থেকে অফিশিয়াল লেটার হেডে নেওয়া গোল সিলমোহরের ছাপ-সহ পার্মানেন্ট রেসিডেন্সিয়াল সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল।
- ✓ গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না। ২১ বছরের নীচের প্রার্থীদের ক্ষেত্রে এই সার্টিফিকেটে 'অবিবাহিত' কথাটি লেখা থাকতে হবে।
- ✓ আদিবাসী বা তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে এস ডি ও-র অফিস অথবা ডি এম-এর অফিস থেকে নেওয়া কাস্ট সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল।
- ✓ এন সি সি সার্টিফিকেট (থাকলে) ও তার প্রত্যয়িত নকল।
- ✓ সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবার ছেলেদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া বোনাফায়েড সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর আর্মি নম্বর, র‍্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।
- ✓ জাতীয় বা রাজ্যস্তরের খেলোয়াড়দের (গত ২ বছরের মধ্যে অন্তত দ্বিতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা বিবেচিত হবেন) ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল।
- ✓ ২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো প্রত্যয়িত হওয়ার দরকার নেই।
- ✓ অবাঙালি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাশাসকের অফিস থেকে মঞ্জুর করা ডোমিসাইল বা নেটিভিটি সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল।
- ✓ আধার কার্ড ও প্যানকার্ডের প্রত্যয়িত নকল। প্রত্যয়িত নকলের সঙ্গে মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।
- ✓ ১০ টাকার স্ট্যাম্প পেপারে কোনও নোটারির কাছ থেকে নেওয়া এফিডেভিট। এতে প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।
- ✓ তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও সেটির প্রত্যয়িত নকল।

নির্দিষ্ট দিন সকাল ৬টার মধ্যে র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। প্রয়োজনে ৩-৪ দিন র‍্যালিকেন্দ্রে থাকতে হতে পারে নিজের ব্যবস্থায়। উপযুক্ত প্রস্তুতি নিয়ে যাবেন।

তথ্যের প্রয়োজনে কাজের দিন আর্মি রিক্রুটিং অফিসে যোগাযোগ করতে পারেন। অথবা, ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৫৪৫-২৯৫৮, ২৯৭৭-০৮১৩। তথ্য পাবেন উল্লিখিত ওয়েবসাইটেও।

### এফিডেভিটের বয়ান:

PHOTO
3.5 x 4.5 cm

**ON NON JUDICIAL STAMP PAPER**

1. I, Name ______ Son of _______ while applying for enrolment in Army Solemnly affirm & state the following in my respect:-
   (a) I belong to the following Caste / Religion:-
   Caste____ Sub Caste ____ Religion ____
   (b) My Residential Address are as under:-
   (i) **Permanent Address**
   Resident Certificate
   Father's Name ___________ House ___________
   Vill / Mohalla ___________ Post Office ___________
   Police Station ___________ Tehsil ___________
   District ___________ State ___________
   PIN ___________
   (ii) **Postal Address**
   Father's Name ___________ House ___________
   Vill / Mohalla ___________ Post Office ___________
   Police Station ___________ Tehsil ___________
   District ___________ State ___________
   PIN ___________
   (iii) I fully understand that if enrolled, a detailed verification of my character and antecedents will be carried out by police and civil administration from my permanent address submitted above and also places where I have resided in the last five years.
   (iv) My places of residence in the last five years are as stated under:-

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

   (c) I am married / unmarried.
   (d) I hereby certify that I am not involved in any civil / criminal case.
   OR
   I was involved Following court case but was acquitted:-
   (i) __________ (ii) __________
   Following court cases/ FIR are pending against me:-
   (i) __________ (ii) __________
   (e) **Consent Cert.** I am below 18 yrs and my parents give their consent for attending the Army Rect Rally (If applicable).

   **Signature of Father**

   (f) I am authorized attend UHQ rally because I am son/brother of No Name Regt
   (g) I hereby certify that I son of No _______ Name ___ Regt ___ am eligible for claiming bonus marks as none of my brothers have been enrolled in Army earlier/ I am not eligible to claim bonus marks (Cut whichever is not applicable).
2. I am aware that there is only one recruitment rally conducted in a recruiting year (01 April to 31 March) for every district and therefore I am entitled to attend only once every recruiting year from my home town district based on my nativity/ domicile certificate. I fully understand that if I attend another recruitment rally in the same recruiting year, based on a different district nativity/ Domicile certificate, my candidature will be cancelled and if enrolled. I will be dismissed from service.
3. I am attending this recruitment rally based on the Nativity/ Domicle certificate issued by (mention the state government details) as stated below:-

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

4. Details of nativity/ domicile certificate held by me in past (if any) are as stated below:-

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

5. I hereby certify that till date I have attended the following Army Recruitment Rallies:-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

6. I give an undertaking that all documents submitted by me are correct. All documents issued by Govt. Org / Offices have been signed by authorized designated and Govt Officials. If any document at any stage is found fake or wrong info is furnished by me, I am aware that I will be dismissed from service and FIR will be lodged against me.

Signature of Notary Signature of Candidate

## শিক্ষক নিয়োগে অস্বচ্ছতা রয়েছে: ক্যাগ

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের সহকারি শিক্ষক, প্রধান শিক্ষক এবং অশিক্ষককর্মী নিয়োগের ক্ষেত্রে অস্বচ্ছতা রয়েছে বলে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়ার (সি এ জি) রিপোর্টে জানানো হয়েছে। ২০১৮ সালের গোড়ায় সি এ জি তার রিপোর্ট নবান্নে পাঠিয়ে দেয়। সেই রিপোর্ট পেশ করা হয় বিধানসভার সদ্যসমাপ্ত অধিবেশনের শেষ দিনে।

সি এ জি-র রিপোর্টে বলা হয়েছে, স্কুল সার্ভিস কমিশনের অনলাইন সিস্টেম নিরীক্ষা করে পরীক্ষার্থীদের নম্বর বাড়ানো, কমানো, তালিকা থেকে যোগ্য প্রার্থীদের নাম বাদ দিয়ে অযোগ্যদের নাম ঢোকানো, পরীক্ষা না-দিলেও নিয়োগপত্র দেওয়ার মতো বেনিয়মের প্রমাণ মিলেছে।

# পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে ২৬৭

*প্রথম পাতার পর*

১, নদিয়া ১, পশ্চিম বর্ধমান ১, পশ্চিম মেদিনীপুর ১, পূর্ব মেদিনীপুর ১।

**পদ অনুসারে শিক্ষাগত যোগ্যতা:** **ডিস্ট্রিক্ট প্রোজেক্ট ম্যানেজার:** যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা। দল পরিচালনার অভিজ্ঞতা থাকা চাই। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

**সাব-ডিভিশন প্রোজেক্ট ম্যানেজার:** যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা। মাইক্রোসফট অফিস, ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলের ব্যবহার জানতে হবে। সাবলীলভাবে বাংলা ও ইংরেজি ভাষায় লিখতে ও বলতে পারা চাই। দল পরিচালনায় অভিজ্ঞতা থাকা চাই। বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর:** কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক, সঙ্গে প্রতি মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা চাই।

উপরের সবক'টি পদের ক্ষেত্রেই মাইক্রোসফট অফিস, ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলের ব্যবহার জানতে হবে। সাবলীলভাবে বাংলা ও ইংরেজি ভাষায় লিখতে ও বলতে পারা চাই।

**বেতন:** প্রতি মাসে ১১,০০০ টাকা।

**ব্লক লেভেল স্টাফ:** কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। সাবলীলভাবে বাংলা ও স্থানীয় ভাষা লিখতে ও বলতে জানা চাই। ঘুরে ঘুরে কাজ করার মানসিকতা থাকা চাই এবং তৃণমূল স্তরের প্রশিক্ষকদের সহায়তা দেওয়ার মতো দক্ষতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ১২,০০০ টাকা।

**বয়স:** সবক'টি পদের ক্ষেত্রেই ১-১২-২০১৯ তারিখে ২৩ থেকে ৪৪ বছরের মধ্যে হতে হবে। রাজ্যের তফসিলি এবং ও বি সি প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৫০ নম্বর), প্র্যাক্টিক্যাল পরীক্ষা (৩০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এবং ইংলিশ বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pbssd.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফল বেরল

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত ২০১৯-এর সিভিল সার্ভিসেস এক্সামিনেশন (প্রিলিমিনারি) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর WBPRB/NOTICE-**2019/3 অনুসারে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড দ্বারা পরিচালিত কনস্টেবল পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা ৪ অগস্ট। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড এখন ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.wbpolice.gov.in

**সুকান্ত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**

**অপথ্যালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম**
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT, পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)

**(১) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট**
**(২) অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান**
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)

কোর্সের মেয়াদকাল : ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।
বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি : ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য
স্টাইপেন্ড : ১,০০০ টাকা।

প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।

ট্রেনিং সেন্টার : সুকান্ত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ : 8622980053, 9875579240, 8926920049
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)

JIS UNIVERSITY
**Admission in B.Ed 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilganj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362

National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

JIS UNIVERSITY
**Admission in LAW 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilganj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362

Bar Council of India (BCI) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। LLB, BBA-LLB (Int.), LLM কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীরা, ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

26. প্রয়াত চণ্ডী লাহিড়ি কোন বিষয়ের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) চিত্র পরিচালক (b) ঔপন্যাসিক (c) খেলোয়াড় (d) কার্টুন চিত্র

27. বিখ্যাত সংগীত 'ইম্যাজিন' কার রচনা?
(a) জন লেনন (b) রিকি মার্টিন (c) পিট সিগার (d) পল রবসন

28. 'জগদ্দল' কী?
(a) একটি উপন্যাস (b) একটি পুরনো ফোর্ড গাড়ি (c) একটি চলচ্চিত্র (d) একটি কারখানা

29. 'শাইলক যে নাটকের একটি চরিত্র:
(a) অ্যাজ ইউ লাইক ইট (b) দ্য মার্চেন্ট অব ভেনিস (c) দ্য টেমপেস্ট (d) টুয়েলফথ নাইট

30. ভারতবর্ষে দাস বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) মামুদ (b) মহম্মদ ঘোরি (c) কুতুবউদ্দিন আইবক (d) ইলতুতমিস

31. পশ্চিম ভারতের কৃষ্ণ মৃত্তিকাকে বলে:
(a) রেগুর (b) টেরা রোসা (c) তরাই (d) ল্যাটেরাইট

32. নাগার্জুনসাগর মালটিপারপাস প্রজেক্টের জলাশয় সৃষ্টি করা হয়েছে নীচের কোন নদীর ওপরে?
(a) গঙ্গা (b) শোন (c) ঝিলাম (d) কৃষ্ণা

33. $0^{\circ}$ C উষ্ণতায় 10 গ্রাম বরফ ও $10^{\circ}$ C উষ্ণতায় 10 গ্রাম জল মিশানো হল। মিশ্রণের উষ্ণতা হবে:
(a) $1^{\circ}$ C (b) $0^{\circ}$ C (c) $10^{\circ}$ C (d) $5^{\circ}$ C

34. কোনও পদার্থের পারমাণবিক সংখ্যা 15 হলে তার সর্বনিম্ন কক্ষের ইলেকট্রন সংখ্যা হল:
(a) 1 (b) 3 (c) 5 (d) 7

35. নীচের যৌগগুলির মধ্যে কোনটি জলে বেশি দ্রবণীয়?
(a) $Mg(OH)_2$ (b) $Sr(OH)_2$ (c) $Ca(OH)_2$ (d) $Ba(OH)_2$

36. নীচের কোনটি পিরিমিডিন বেস নয়?
(a) থাইমিন (b) ইউরাসিল (c) গুয়ানিন (d) সাইটোসিন

37. একটি আয়তাকার প্রাঙ্গণের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 1 এবং ক্ষেত্রফল 192 বর্গমিটার। প্রাঙ্গণটির দৈর্ঘ ও প্রস্থ কত?
(a) 24 মিটার, 8 মিটার (b) 30 মিটার, 15 মিটার (c) 48 মিটার, 26 মিটার (d) 50 মিটার, 10 মিটার

38. একটি পিপায় 5 কিলোলিটার 432 লিটার সরষের তেল ও আর একটি পিপায় 5 কিলোলিটার 917 লিটার নারকেল তেল আছে। দু'রকমের তেল পৃথকভাবে একই মাপের কয়েকটি টিনে সম্পূর্ণ ভর্তি করে রাখা হল। প্রত্যেক টিনের সবচেয়ে বেশি আয়তন কত হতে পারে?
(a) 100 লিটার (b) 120 লিটার (c) 130 লিটার (d) কোনওটিই নয়

39. 1 লিটার জলের ওজন 1 কিলোগ্রাম হলে, কত ঘন মিলিমিটার জলের ওজন 0.1 গ্রাম হবে?
(a) 300 ঘন মিলিমিটার (b) 500 ঘন মিলিমিটার (c) 200 ঘন মিলিমিটার (d) 100 ঘন মিলিমিটার

40. একটি প্রকৃত ভগ্নাংশ ও তার অন্যোন্যকের অন্তর $1\frac{1}{15}$; ভগ্নাংশটি কত?
(a) $\frac{3}{8}$ (b) $\frac{5}{8}$ (c) $\frac{2}{7}$ (d) $\frac{3}{5}$

41. দু'টি সংখ্যার গুণফল $\frac{14}{15}$ ভাগফল $\frac{35}{24}$ হলে, সংখ্যা দু'টি কী কী?
(a) $\frac{1}{15}$ এবং $\frac{12}{19}$ (b) $\frac{5}{7}$ এবং $\frac{3}{10}$ (c) $\frac{7}{6}$ এবং $\frac{4}{5}$ (d) $\frac{3}{5}$ এবং $\frac{9}{21}$

42. ভারতীয় প্রজাতন্ত্রের প্রথম নির্বাচিত রাষ্ট্রপতি হলেন:
(a) সি রাজাগোপালাচারী (b) রাজেন্দ্র প্রসাদ (c) সর্বপল্লি রাধাকৃষ্ণান (d) সর্দার বল্লভভাই প্যাটেল

43. সম্প্রতি ইসরো অন্ধ্রপ্রদেশের সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে 100তম পোলার স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ করল তার নাম কী?
(a) PSL-C40 (b) PSL-C60 (c) PSL-C80 (d) PSL-C100

44. দৃষ্টিহীনদের ওয়ার্ল্ড কাপ ক্রিকেট প্রতিযোগিতায় ভারত কোন দেশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হল?
(a) অস্ট্রেলিয়া (b) ইংল্যান্ড (c) দক্ষিণ আফ্রিকা (d) পাকিস্তান

45. প্রথম কোন এশিয়ান গেমস-এ হকি খেলার সূচনা হয়েছিল?
(a) 1958 সালে টোকিও (b) 1962 সালে জাকার্তা (c) 1966 সালে ব্যাংকক (d) 1970 সালে ব্যাংকক

46. কোন খেলার সঙ্গে গ্রাঁ প্রি পুরস্কার জড়িত?
(a) টেবল টেনিস (b) লন টেনিস (c) টেবিল টেনিস, লন টেনিস (d) টেবল টেনিস, লন টেনিস ও শুটিং

47. 'কাম অ্যাওয়ে উইথ মি'—এটি কার অ্যালবাম?
(a) ম্যাডোনা (b) ব্রিটনি স্পিয়াস (c) শাকিরা (d) নোরা জোনস

48. 'যেতে পারি কিন্তু কেন যাব' লিখেছিলেন:
(a) শক্তি চট্টোপাধ্যায় (b) সুনীল গঙ্গোপাধ্যায় (c) শরৎ কুমার মুখোপাধ্যায় (d) নীরেন্দ্রনাথ চক্রবর্তী

49. 'টোয়েন্টি থাউস্যান্ড লিগস আন্ডার দ্য সি'-র রচয়িতা কে?
(a) এম কে রলিংস (b) হ্যারল্ড রবিন্স (c) জুল ভের্ন (d) ড্যান ব্রাউন

50. দীন-ই-ইলাহি-র প্রবক্তা কে?
(a) ঔরঙ্গজেব (b) আকবর (c) শেরশাহ (d) দারা শুকো

51. 'শাল' হচ্ছে এক ধরনের:
(a) কনিফার বৃক্ষ (b) চিরসবুজ বৃক্ষ (c) ম্যানগ্রোভ (d) পর্ণমোচী বৃক্ষ

52. ভারতে সবুজ বিপ্লব প্রথমে শুরু হয়:
(a) ধান উৎপাদনকারী পশ্চিমবঙ্গের অঞ্চলগুলিতে (b) গম উৎপাদনকারী পাঞ্জাবের অঞ্চলগুলিতে (c) মিলেট উৎপাদনকারী পশ্চিমঘাটের অঞ্চলগুলিতে (d) ইক্ষু উৎপাদনকারী বিহারের অঞ্চলগুলিতে

53. সরল দোলগতিতে গতিশক্তি:
(a) কখনওই শূন্য হয় না (b) সাম্য অবস্থানে শূন্য হয় (c) প্রতি পর্যায়ে দু'বার শূন্য হয় (d) সর্বদা সমান থাকে

54. ক্লোরিনের কোনও আইসোটোপ আছে কি?
(a) না (b) দু'টি (c) তিনটি (d) চারটি

55. নীচের কোনটি উপচুম্বকীয়?
(a) $O_2$ (b) $N_2$ (c) $F_2$ (d) $H_2$

56. মানব হৃৎপিণ্ডের প্রাকৃতিক পেসমেকারটি হল:
(a) SA নোড (b) AV নোড (c) মায়োকার্ডিয়াম (d) কোনওটিই নয়

57. দু'টি সংখ্যার অনুপাত 2 : 3 এবং এদের গ.সা.গু. 10 হলে, সংখ্যাদুটির গুণফল কত?
(a) 600 (b) 300 (c) 200 (d) কোনওটিই নয়

58. পাঁচ অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 16, 24, 30 ও 36 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 10 অবশিষ্ট থাকবে?
(a) 99956 (b) 97930 (c) 99370 (d) 98665

59. দুই ব্যক্তি একই স্থান থেকে একসঙ্গে গন্তব্যস্থানের দিকে 3.75 কিমি/ঘণ্টা এবং 3 কিমি/ঘণ্টা বেগে রওনা হয়ে প্রথম ব্যক্তি দ্বিতীয় ব্যক্তি অপেক্ষা 30 মিনিট আগে গন্তব্যস্থানে পৌঁছান। গন্তব্যস্থানের দূরত্ব কত?
(a) 9.5 কিমি (b) 7.5 কিমি (c) 3.4 কিমি (d) 5.9 কিমি

60. একটি বন্যাত্রাণ শিবিরে 1000 শরণার্থীর 70 দিনের খাবার মজুত ছিল। বন্যার

*এরপর চোদ্দোর পাতায়*



নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
www.eNirobAalo.tk
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

প্রকোপ বাড়ায় 10 দিন পরে আরও 200 শরণার্থী ওই শিবিরে এলে মজুত খাদ্যে কত দিন চলবে?

(a) 30 দিন (b) 50 দিন (c) 60 দিন (d) 40 দিন

61. $\frac{15}{16}, \frac{25}{36}, \frac{13}{24}$ ভগ্নাংশগুলির বড় তিনটি সাধারণ গুণনীয়ক নির্ণয় করুন:

(a) $\frac{1}{288}, \frac{1}{576}, \frac{1}{864}$ (b) $\frac{1}{576}, \frac{1}{244}, \frac{1}{389}$ (c) $\frac{1}{276}, \frac{1}{342}, \frac{1}{505}$ (d) $\frac{1}{702}, \frac{1}{394}, \frac{1}{613}$

62. লোকসভার অধ্যক্ষ:

(a) জনগণের দ্বারা মনোনীত (b) রাষ্ট্রপতির দ্বারা মনোনীত (c) প্রধানমন্ত্রীর দ্বারা মনোনীত (d) লোকসভার সদস্যদের দ্বারা নির্বাচিত

63. উৎপাদকের অর্থনৈতিক সমৃদ্ধি বৃদ্ধির লক্ষ্যে নীচের কোন উৎপন্ন সামগ্রীকে জি আই রেজিস্ট্রেশন দেওয়া হয়েছে?

(a) দার্জিলিং চা (b) মধুবনি চিত্রকলা (c) তাঞ্জাভুর চিত্রকলা (d) সবক'টি

64. সম্প্রতি কোন রাজ্য সরকার বন্দিদের মৃত্যু-পরবর্তী নিজেদের অঙ্গদানের নৈতিক সম্মতি প্রদান করল?

(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) কেরল (d) অন্ধ্রপ্রদেশ

65. ডিউস' কথাটি কোন খেলায় ব্যবহৃত হয়?

(a) বিলিয়ার্ডস (b) ব্যাডমিন্টন (c) বেসবল (d) বাস্কেটবল

66. নিধুবাবু যে ধরনের গানে বিশিষ্ট:

(a) টপ্পা (b) খেয়াল (c) পল্লিগীতি (d) টুসু

67. অমর পাল যে ধরনের গানের জন্য বিখ্যাত:

(a) লোকগীতি (b) নজরুলগীতি (c) দ্বিজেন্দ্রগীতি (d) অতুলপ্রসাদী

68. 'সাহেব-বিবি-গোলাম' কে লিখেছিলেন?

(a) বিমল কর (b) সুবোধ ঘোষ (c) রমাপদ চৌধুরি (d) বিমল মিত্র

69. 'ওড টু দ্য ওয়েস্ট উইন্ড'-এর রচয়িতা:

(a) পি বি শেলি (b) ডব্লিউ ওয়ার্ডসওয়ার্থ (c) টি এস এলিয়ট (d) জন কিটস

70. কে ইস্ট ইন্ডিয়া কোম্পানি (ইংরেজ)-কে দেওয়ানি অধিকার দিয়েছিলেন?

(a) ফারুকসিয়ার (b) দ্বিতীয় বাহাদুর শাহ (c) ঔরঙ্গজেব (d) দ্বিতীয় শাহ আলম

71. নর্মদা নদী নীচের কোন প্রাকৃতিক ভূমিরূপের মধ্য দিয়ে প্রবাহিত হয়?

(a) চ্যুতি (b) লেগুন (c) বদ্বীপ (d) ভঙ্গিল পর্বত

72. ভারতের বিভিন্ন রাজ্যের মধ্যে সর্বনিম্ন লিঙ্গানুপাত পাওয়া যায়:

(a) বিহারে (b) ওড়িশায় (c) পাঞ্জাবে (d) মধ্যপ্রদেশে

73. লাল আলোতে একটি লেন্সের ফোকাস-দৈর্ঘ্য 25 সেমি। নীল আলোতে এর সম্ভাব্য ফোকাস-দৈর্ঘ্য হবে:

(a) 15 সেমি (b) 24.5 সেমি (c) 25.5 সেমি (d) 35 সেমি

74. যে মৌলটি জলের সঙ্গে বিক্রিয়ায় অক্সিজেন গ্যাস উৎপন্ন করে সেটি হল:

(a) P (b) Na (c) F (d) I

75. নীচের কোন অ্যাসিডটি সবচেয়ে তীব্র?

(a) HCOOH (b) $CH_3COOH$ (c) $ClCH_2COOH$ (d) $FCH_2CH_2COOH$

76. সুষম খাদ্যে কার্বোহাইড্রেট, ফ্যাট ও প্রোটিনের অনুপাত হল:

(a) 1 : 1 : 1 (b) 2 : 1 : 1 (c) 4 : 1 : 1 (d) 6 : 1 : 2

77. এক পরীক্ষায় ছাত্রদের 80% ইংরেজিতে, 70% অঙ্কে এবং 150 জন উভয় বিষয়ে কৃতকার্য হল। যদি ছাত্রদের সকলেই অন্তত একটি বিষয়ে কৃতকার্য হয়ে থাকে তবে ছাত্রসংখ্যা নির্ণয় করুন।

(a) 300 (b) 200 (c) 400 (d) ওপরের কোনওটিই নয়

78. এক ব্যক্তি তাঁর মাসিক আয়ের 0.15 অংশ পুত্রের পড়াশোনার জন্য ব্যয় করেন। বাকি টাকার 0.8 অংশ সংসার খরচ এবং অবশিষ্ট সঞ্চয় করেন। তাঁর সঞ্চয় মাসিক 425 টাকা হলে, মাসিক আয় কত?

(a) 2500 টাকা (b) 3540 টাকা (c) 4000 টাকা (d) 2006 টাকা

79. $99\frac{1}{7} + 99\frac{2}{7} + 99\frac{3}{7} + 99\frac{4}{7} + 99\frac{5}{7} + 99\frac{6}{7} = ?$

(a) 597 (b) 394 (c) 398 (d) 504

80. একটি ট্রেন ঘণ্টায় 54 কিমি পথ যায়। গাড়িটি 10 সেকেন্ডে রাস্তার পাশে পরপর দু'টি খুঁটি অতিক্রম করল। খুঁটি দু'টির মধ্যে দূরত্ব কত?

(a) 150 মিটার (b) 160 মিটার (c) 170 মিটার (d) 190 মিটার

81. এক মাঝি নৌকা করে 36 কিমি দূরবর্তী কোনও স্থানে গিয়ে আবার ফিরে এল। ওই স্থানে যেতে যে সময় লাগে ফিরতে তার থেকে 1 ঘণ্টা বেশি সময় লাগে। স্রোতের গতিবেগ ঘণ্টায় 3 কিমি হলে স্থির জলে নৌকার গতিবেগ কত?

(a) 20 কিমি/ঘণ্টা (b) 14 কিমি/ঘণ্টা (c) 15 কিমি/ঘণ্টা (d) 18 কিমি/ঘণ্টা

82. শিব নারায়ণ ধিংরা কোন ঘটনার পুনর্তদন্তের উদ্দেশ্যে গঠিত কমিটির প্রধান হিসেবে নিযুক্ত হলেন?

(a) মহাত্মা গান্ধীর মৃত্যু (b) বাবরি মসজিদ ধ্বংস (c) গুজরাট দাঙ্গা (d) 1984 সালের শিখ দাঙ্গা

83. কোন দেশ কলকাতা বইমেলায় সৌমিত্র চট্টোপাধ্যায়কে সে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান 'লিজিয়ন অব অনার' সম্মানে ভূষিত করল?

(a) জাপান (b) চিন (c) ইংল্যান্ড (d) ফ্রান্স

84. সম্প্রতি এসার কোম্পানি 'Swift-7' নামে কী আবিষ্কার করেছে?

(a) মোবাইল (b) ল্যাপটপ (c) অণুবীক্ষণ যন্ত্র (d) দূরবীক্ষণ যন্ত্র

85. 'ভালো মানুষ' নাটকের পরিচালক ছিলেন:

(a) রুদ্রপ্রসাদ সেনগুপ্ত (b) অজিতেশ বন্দ্যোপাধ্যায় (c) রাধারমণ তপাদার (d) শম্ভু মিত্র

86. কথাকলি নাচের উদ্ভব ঘটেছে এই রাজ্যে:

(a) তামিলনাড়ু (b) কেরল (c) কর্নাটক (d) অন্ধ্র প্রদেশ

87. 'সহজ পাঠ'-এর রচয়িতা কে?

(a) অবনীন্দ্রনাথ ঠাকুর (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) মধুসূদন দত্ত

88. 'ভারতের নেপোলিয়ন' নামে কে পরিচিত?

(a) সমুদ্রগুপ্ত (b) প্রথম চন্দ্রগুপ্ত (c) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (d) স্কন্দগুপ্ত

89. কত সালে গান্ধী-আরউইন চুক্তি স্বাক্ষরিত হয়?

(a) 1911 (b) 1921 (c) 1931 (d) 1941

90. টোডা নামক উপজাতি নীচের কোন এলাকায় বসবাস করে?

(a) সাতপুরা পর্বত (b) নীলগিরি পর্বত (c) কন্যাকুমারী (d) ছোটনাগপুর

91. নীচের রাশিগুলির মধ্যে একমাত্র ভেক্টর রাশি হল:

(a) বৈদ্যুতিক আধান (b) তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য (c) তড়িৎ-বিভব (d) বৈদ্যুতিক রোধ

92. একটি 100W, 220V বিজলি বাতির প্রবাহমাত্রা হবে:

(a) 2.2 অ্যাম্পিয়ার (b) 1.1 অ্যাম্পিয়ার (c) $\frac{5}{11}$ অ্যাম্পিয়ার (d) 22000 অ্যাম্পিয়ার

93. ইউরিয়া হল গবেষণাগারে কৃত্রিম উপায়ে প্রস্তুত প্রথম জৈব যৌগ যেটি প্রস্তুত করেছিলেন:

(a) ল্যাভয়সিয়র (b) বারজেলিয়াস (c) হোলার (d) পাস্তুর

94. পৃথিবীর গড় উষ্ণতা বৃদ্ধিতে $CO_2$-এর ভূমিকা:

(a) 13% (b) 14% (c) 18% (d) 49%

95. স্তন্যপায়ী প্রাণীর স্নায়ুকোষ সর্বদা যে দশায় থাকে সেটি হল:

(a) $G_0$ দশা (b) $G_1$ দশা (c) $G_2$ দশা (d) M দশা

96. চিনির দাম 20% কম হলে, পূর্বে 20 কিলোগ্রাম ক্রয় করতে যে টাকা লাগত সেই টাকায় কত কিলোগ্রাম চিনি বেশি কেনা যাবে?

(a) 16 কিলোগ্রাম (b) 24 কিলোগ্রাম (c) 4 কিলোগ্রাম (d) 5 কিলোগ্রাম

97. একটি জলপূর্ণ কলসির ওজন 16.5 কিলোগ্রাম। কলসির $\frac{2}{5}$ অংশ জলপূর্ণ থাকলে কলসিটির ওজন হয় 7.5 কিলোগ্রাম। কলসিটি অর্ধেক জলপূর্ণ থাকলে তার ওজন কত হবে?

(a) 9 কিলোগ্রাম (b) 10 কিলোগ্রাম (c) 3 কিলোগ্রাম (d) 15 কিলোগ্রাম

98. তিন ব্যক্তির বয়সের সমষ্টি 171 বছর; 8 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল 8 : 7 : 6। তাদের প্রত্যেকের বর্তমান বয়স কত?

(a) 68 বছর, 67 বছর, 35 বছর (b) 64 বছর, 57 বছর, 50 বছর (c) 55 বছর, 40 বছর, 47 বছর (d) 75 বছর, 82 বছর, 90 বছর

99. এমন একটি সংখ্যা নির্ণয় করুন $\frac{3}{4}$-এর সঙ্গে তার যে অনুপাত তার সঙ্গে $\frac{27}{64}$-এর অনুপাত একই হবে:

(a) $\frac{9}{15}$ (b) $\frac{9}{16}$ (c) $\frac{9}{13}$ (d) $\frac{9}{14}$

100. $(137)^{731}$ সংখ্যাটির শেষ অঙ্কটি কত?

(a) 2 (b) 5 (c) 1 (d) 3

### উত্তর

26(d), 27(a), 28(b), 29(b), 30(c), 31(a), 32(d), 33(d), 34(c), 35(c), 36(c), 37(a), 38(d), 39(d), 40(d), 41(c), 42(b), 43(a), 44(d), 45(a), 46(b), 47(d), 48(a), 49(c), 50(b), 51(d), 52(b) 53(c), 54(b), 55(a), 56(a), 57(a), 58(c), 59(b), 60(b), 61(a), 62(d), 63(d), 64(c), 65(b), 66(a), 67(a), 68(d), 69(a), 70(a), 71(a), 72(c), 73(c), 74(c), 75(b), 76(c), 77(a), 78(a), 79(a), 80(a), 81(c), 82(d), 83(d), 84(b), 85(b), 86(b), 87(b), 88(a), 89(c), 90(b), 91(b), 92(c), 93(c), 94(a), 95(a), 96(d), 97(a), 98(b), 99(b), 100(d).

### সমাধান

17(a): 32.40 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে 20% লাভ হয়

∴ গড় ক্রয়মূল্য $= \frac{100}{120} \times 32.40 = 27$ টাকা

∴ 32 ——— 25

[27]

(27 – 25) ——— (32 – 27) = 2 : 5

18(b): প্রথম ও পঞ্চম সংখ্যার অন্তর $= 4(26 - 25) = 4$.

19(c): $\frac{2}{4\frac{2}{5}} = \frac{2}{1} \times \frac{5}{22} = \frac{5}{11}$

∴ ভগ্নাংশের হর 7 হলে, লব $= \frac{5}{11} \times 7 = \frac{35}{11} = 3\frac{2}{11}$.

20(d): লেখা অংশের ক্ষেত্রফল $= (15 - 2 \times 2) \times (12 - 2 \times 2)$

$= 11 \times 8 = 88$ বর্গসেমি।

21(a): P বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য Q বর্গক্ষেত্রের বাহুর $= \sqrt{\frac{121}{256}} = \frac{11}{16}$ অংশ।

37(a): দৈর্ঘ্য এবং প্রস্থ = 3x ও x

∴ $3x \times x = 192, x = 8$ ∴ দৈর্ঘ্য $= 3x = 3 \times 8 = 24$/ প্রস্থ $= x = 8$.

38(d): 5 কিলোলিটার 432 লিটার = 5432 লিটার

এবং 5 কিলোলিটার 971 লিটার = 5971 লিটার

প্রত্যেক টিনের সবচেয়ে বেশি আয়তন হবে = 5432 এবং 5971 এর গ.সা.গু. = 97 লিটার।

39(d): 1 লিটার = 1 ঘন ডেসিমিটার = 1000 ঘনসেন্টিমিটার

∴ 1 লিটার $= 1000 \times 1000$ ঘন মিলিলিটার

1 কিলোগ্রাম = 1000 গ্রাম, 1 গ্রাম = 1000 ঘনমিলিলিটার

∴ 0.1 গ্রাম $= \frac{1000}{10} = 100$ ঘন মিলিলিটার।

40(d): $\frac{x}{y} - \frac{y}{x} = 1\frac{1}{15} = \frac{16}{15}$

$\frac{5}{3} - \frac{3}{5} = \frac{16}{15}$ ∴ প্রকৃত ভগ্নাংশ $= \frac{3}{5}$.

41(c): ভাগফল $= \frac{35}{24}$ হতে গেলে, ভগ্নাংশ দু'টি $= \frac{7}{6}$ এবং $\frac{4}{5}$ হবে।

[কারণ $\frac{7}{6} \times \frac{4}{5} = \frac{35}{24}$]

57(a): সংখ্যা ⇒ অনুপাত × গ.সা.গু.

∴ সংখ্যাদু'টি হল $= 2 \times 10 = 20$ এবং $= 3 \times 10 = 30$

∴ গুণফল $= 20 \times 30 = 600$.

58(c): 16, 24, 30 এবং 36-এর ল.সা.গু. = 720

5 অঙ্কের বৃহত্তম সংখ্যা 720 এর গুণিতক = 99360

∴ নির্ণেয় সংখ্যা $= 99360 + 10 = 99370$.

59(b): 3.75 এবং 3 এর ল.সা.গু. = 15 ⇒ মোট রাস্তা

∴ প্রথম ব্যক্তির সময় লাগে $= \frac{15}{3.75} = 4$ ঘণ্টা

দ্বিতীয় ব্যক্তির সময় লাগে $= \frac{15}{3} = 5$ ঘণ্টা ∴ সময় পার্থক্য $= (5 - 4) = 1$ ঘণ্টা

∴ রাস্তার দূরত্ব $= \frac{15}{1} \times \frac{1}{2} = 7\frac{1}{2}$ কিলোমিটার।

60(b): বাকি দিন = 70 – 10 = 60 দিন

মোট শরণার্থী = 1000 + 200 = 1200

দিন $= \frac{1000 \times 60}{1200} = 50$ দিন।

61(a): [ ভগ্নাংশগুলির বড় সাধারণ গুণনীয়ক $= \frac{\text{লবগুলির গ.সা.গু.}}{\text{হরগুলির ল.সা.গু.}}$ ]

∴ লব 15, 25 ও 13-এর গ.সা.গু. = 1

হর 16, 36 ও 24-এর ল.সা.গু. = 288 ∴ ভগ্নাংশ $= \frac{1}{288}$.

77(a): উভয় বিষয়ে কৃতকার্য $= (80 + 70) - 100 = 50\%$

∴ ছাত্রসংখ্যা $= \frac{150}{50\%} \times 100\% = 300$।

78(a): বাকি টাকা $= 1 - 0.15 = 0.85$

সংসার খরচ $= 0.85 \times 0.8 = 0.680$

বাকি সঞ্চয় $= 0.85 - 0.68 = 0.17$

∴ মাসিক আয় $= \frac{1 \times 425}{0.17} = 2500$ টাকা।

79(a): $99\frac{1}{7} + 99\frac{2}{7} + 99\frac{3}{7} + 99\frac{4}{7} + 99\frac{5}{7} + 99\frac{6}{7}$

$= 99 + \frac{1}{7} + 99 + \frac{2}{7} + 99 + \frac{3}{7} + 99 + \frac{4}{7} + 99 + \frac{5}{7} + 99 + \frac{6}{7}$

$= 99 \times 6 + \frac{1+2+3+4+5+6}{7} = 594 + 3 = 597$.

80(a): খুঁটি দু'টির মধ্যে দূরত্ব $= \left(54 \times 1000 \times \frac{10}{3600}\right)$ মিটার = 150 মিটার।

81(c): ধরি নৌকার গতিবেগ = x কিমি/ঘণ্টা

∴ $\frac{36}{x-3} - \frac{36}{x+3} = 1$ ∴ x = 15 কিমি/ঘণ্টা।

96(d): এখন 1 কিলোগ্রাম চিনির দাম $= \left(\frac{100-20}{20}\right) = 4$ টাকা

∴ এখন বেশি চিনি পাওয়া যাবে $= \frac{20}{4} = 5$ কিলোগ্রাম।

97(a): কলসি বাদে $\left(1 - \frac{2}{5}\right) = \frac{3}{5}$ অংশ

জলের ওজন $= 16.5 - 7.5 = 9$ কিলোগ্রাম

∴ শুধু জলের ওজন $= 9 \times \frac{5}{3} = 15$ কিলোগ্রাম

∴ শুধু কলসির ওজন $= (16.5 - 15) = 1.5$ কিলোগ্রাম

∴ কলসি সহ অর্ধেক জলের ওজন $= \left(15 \times \frac{1}{2} + 1.5\right) = 9$ কিলোগ্রাম।

98(b): 8 বছর পূর্বে মোট বয়স ছিল $= 171 - 8 \times 3 = 147$ বছর

এখন 1 অনুপাত $= \frac{147}{(8+7+6)} = 7$ বছর

∴ প্রত্যেকের বর্তমান বয়স $= (8 \times 7 + 8) = 64$ বছর $= (7 \times 7 + 8) = 57$ বছর $= (6 \times 7 + 8) = 50$ বছর।

99(b): $\frac{3}{4} : x = x : \frac{27}{64}$ ∴ $x^2 = \frac{27}{64} \times \frac{3}{4}$ ∴ $x = \sqrt{\frac{27 \times 3}{64 \times 4}} = \frac{9}{16}$.

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:
- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
*ফুরোবার আগেই সংগ্রহ করুন।*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে ভারত সরকারের সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, ভারতীয় ডাকবিভাগ, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট, সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন, ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল)-এর মতো বিভিন্ন কেন্দ্রীয় বিভাগ ও সংস্থায়। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কনট্র্যাক্টস শাখায়। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। একটি সর্বভারতীয় পরীক্ষা 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সমিনেশন, ২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন।

সাধারণত সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ssc.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ অগস্ট থেকে ২৮ অগস্ট পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য আগাম এই নিয়োগের সংবাদ জানানো হল। খুঁটিনাটি তথ্য পাবেন ১ অগস্ট থেকে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

# ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডে ১০৪ ড্রাইভার

১০৪ জন সিভিলিয়ান মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডের বিভিন্ন ইউনিট বা এস্টাবলিশমেন্টে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GR-C/Dr/4/2018.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৫০, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪, আর্থিকভাবে অনগ্রসর ১০। এর মধ্যে ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে হেভি মোটর ভেহিক্যল ও মোটর সাইকেলের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ১ বছর হেভি মোটর ভেহিক্যল চালানোর অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১৬-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স/রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (২০ নম্বর), জেনারেল ইংলিশ (২০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর) এবং ট্রেড বিষয়ে (৫০ নম্বর) অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓তিন কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর দু'টি ফটোর পিছনে প্রার্থীর নাম লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন' সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF _____ CATEGORY _____.'

১৬ অগস্টের মধ্যে রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট মারফত দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Flag Officer Commanding-in-Chief {for SO(CRC)}, Headquarters, Eastern Naval Command, Utility Complex, 2nd Floor, Naval Base, Visakhapatnam-530014 (Andhra Pradesh).

বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.indiannavy.nic.in

নিশ্চিত চাকুরি মুখী কোর্স

6 Months /1 Yr. / 2 Yrs. / 3Yrs. courses available | MIN.FEES

☆ MOBILE REPAIRING / HARDWARE & NETWORKING (Android / I-Phone) (Laptop / printer) 25000/-
☆ TOURISM MANAGEMENT / OFFICE MANAGEMENT 25000/-
☆ PARA MEDICAL / MEDICAL SALES / RETAIL / Export & Import (X-RAY, OTT, PT, DT) Representative Management 27000/-
☆ JOURNALISM / FASHION / JEWELLERY / INTERIOR Mass Comm. Design Design Decoration 30000/-
☆ Ast. NURSING (ANM /GNM) / Medical Lab Technology 35000/-

Scholarship upto 60 % till 18th Aug'19

+ Get Salary Up to 3 lacs P.A. + A.C Class room
+ 100% Placement support + Hostel Facility (Boys / Girls)
+ International Job Assistance with special class for IELTS / TOEFL
+ Special Facility For Working people
+ UGC Approved University থেকে ডিগ্রি / Certificate

NEET / JEE (MAIN + ADVANCE) / VOCLET / JELET / CAT / MAT / JEXPO / CLAT / JENPAUH + Mock test for all exams

Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656




নীরব আলো

সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন

কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন

আজই ডাউনলোড
করুন বিনামূল্যে

Free Download
www.eNirobAalo.tk

আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad